কিছু দুষ্কৃতিকারী কলকাতায় একটি রেল দুর্ঘটনা ঘটিয়েছে |কিন্তু তদন্ত কমিটি এদের কারোরই হদিশ পায়নি|এখন তদন্তকমিটির কাছে যদি টাইম মেশিন থাকে তাহলে তারা অতীতের ওই নির্দিষ্ট সময়ে তাদের কোনো এজেন্টকে পাঠিয়ে জেনে আসতে পারবে দুষ্কৃতিকারীদের আসল পরিচয় এবং ভবিষ্যতে তাদের স্বাস্তির ব্যাবস্থা করতে পারবে |এখানে একটাই সমস্যা যদি এজেন্ট লোকটাও দুষ্কৃতিকারীদের একজন হয়|

--- তোমাদের এইসব বিধি কি আমাদের মহাবিশ্বেও প্রযোজ্য ?

--- না, এটি শুধু আমাদের মহাবিশ্বের জন্য প্রযোজ্য|তোমাদের মহাবিশ্বে আমাদের 'কিউটি' কাজ করবে না|কারণ তোমাদের মহাবিশ্বের বিধিগুলো আমাদের থেকে আলাদা|

--- আচ্ছা, তুমি তাহলে আমাদের এই মহাবিশ্বে আমার সাথে যোগাযোগ করলে কিভাবে?

আবার সেই কণ্ঠস্বর বলে চললো --- অনেক আগেই আমরা আমাদের পৃথিবীর বাইরে মহাকাশে ভাসমান ঘরবাড়ি তৈরি করেছি |তারপর মঙ্গল গ্রহকে ধীরে ধীরে বসবাসের উপযোগী করে বাস করতে শুরু করি|কিন্তু আগামী প্রায় দুশো বছরের মধ্যে মঙ্গলেও অমঙ্গলের ছায়া নেমে আসবে,মনুষ্যাজাতিকে

খুঁজে নিতে হবে তার নতুন বাসস্থান | এইজন্য আমি ও আমার সাথে আরও এক হাজার পঞ্চাশ জন বৈজ্ঞানিক ও ক্রু মেম্বারআমাদের মহাকাশযান 'Space Eye' নিয়ে মহাশূন্যের অতল অন্ধকারে আলোর দিশা খুঁজে চলেছি| আমরা বেরিয়েছি গ্যালাক্টিক মিশনে|আমাদের আরেকটা মহাকাশযান আমাদের নিজেদের সৌরজগতের মধ্যেই খোঁজ চালাচ্ছে|আমরা আশাবাদী যে আমাদের হোম গ্যালাক্সি ' ভিট্রো' যেটাকে তোমরা তোমাদের মহাবিশ্বে 'মিল্কিওয়ে' বল – সেটার কোটি কোটি তারকারাজির কোটি কোটি গ্রহ, উপগ্রহের ভিড়ে মানুষের বসবাসের উপযোগী পরিবেশের সন্ধান পেয়ে যাবো|এই দীর্ঘ সফরে যাতে আমাদের শরীরগুলো অক্ষত থাকে তার জন্য আমরা হাইবারনেশন পড- এ আমাদের বডিগুলো সংরক্ষণ করে রেখেছি| শুধু আমাদের শরীরগুলোই পড – এ বন্দি কিন্তু চেতনায় আমরা মুক্ত|আমাদের প্রত্যেকের জন্য একটা করে রোবট আছে, আমরা এদের ' ওয়াই ' (Owai) বলি|মহাকাশযানকে ম্যানুয়ালি নির্দেশনা দিতে এই ওয়াইগুলো কাজে লাগে|তাছাড়া এই ওয়াইগুলোর মাধ্যমে আমরা পড -a বন্দি থেকেও বাস্তবতার স্বাদ অনুভব করতে পারি | আর এই কাজটি সম্পন্ন হয় আমাদের মস্তিষ্কে যুক্ত করা চিপ ও ওয়াই' গুলোর সাথে যুক্ত চিপকে ভার্চুয়ালি কানেক্ট করার মাধ্যমে |আর আমরা মস্তিষ্কের মাধ্যমে নির্দেশনা পাঠাই ওয়াই'গুলোকে |আবার আমরা সবাই মিলে 'NOVA' নামক সুপার কম্পিউটারের সাথে যুক্ত হয়ে বিভিন্ন ধরনের গবেষণা চালিয়ে যাচ্ছি |এভাবে আমরা কৃত্রিম পোর্টাল এর মাধ্যমেএক মহাবিশ্বের সাথে আরেক মহাবিশ্বের সংযোগ স্থাপনের পদ্ধতি আবিষ্কার করি |কিন্তু এর একটি বড় সমস্যা হচ্ছে আমরা শুধুমাত্র সংকেতইটেলিপোর্ট করতে পারছি , স্বশরীরে অন্য মহাবিশ্বে উপস্থিত হতে পারছি না |আর এভাবেই আমরা সংকেতের মাধ্যমে তোমার মস্তিষ্কে একটি সিমুলেশন তৈরি করেছি যাতে তোমার সাথে যোগাযোগ স্থাপন করা যায় |



আমার অজান্তেই একটা শব্দ বেরিয়ে এলো----'অসাধারণ !!'

কিছুক্ষণ পর আবার উত্তর এলো ---তোমরাও অসাধারণ, বন্ধু ! তোমরাও হয়তো অদূর ভবিষ্যতে টাইম মেশিন, টেলিপোর্টেশন, আর্টিফিসিয়াল পোর্টাল প্রভৃতি তৈরি করতে পারবে।তবে তার আগেই তোমরা নিশ্চিহ্নও হয়ে যেতে পারো ।কারণ তোমরা ধর্মীয় সংকীর্ণতার যাঁতাকলে পৃষ্ট,ভিন্ন ভিন্ন জাতি, শ্রেণি,বর্ণে বিভক্ত এক বিষাক্ত সমাজে বসবাস করছো।যাহোক আর দেরি করা চলবে না , মহাবিশ্বগুলো তাদের অপার রহস্যভরা মুখে আমাদের বারবার হাতছানি দিয়ে ডাকছে ।আবার দেখা হবে তোমার অন্য কোনও ভার্সনের সাথে অসংখ্য এই মহাবিশ্বগুলোতে।বিদায় বন্ধু।

হঠাৎ চোখের পাতায় কাঁপন অনুভব করলাম।এতক্ষণ বোধহয় বিঠোফেন, মোজার্ট কিংবা চপিনের সুরের নন্দনকাননে ভেসে বেড়াচ্ছিলাম, কিন্তু সেই মূর্ছনা ধীরে ধীরে উবে যেতে থাকে ।এই শীতের মধ্যেও কিছুটা ঘেমে উঠেছি।মনে অনেকগুলো প্রশ্ন উঁকি দিচ্ছে---- এসব কি সত্যি? নাকি কল্পনার জাল বুনেছি আমি?

তবে এই অভিজ্ঞতা যায় হোক না কেন গল্পের প্লট হিসেবে মন্দ নয়।হাতের কাছের মোবাইলটা হাতড়ে দেখি রাত তিনটা বেজে পঁয়ত্রিশ মিনিট।হাত বাড়িয়ে সুইচটা অন করতেই ফোটন কনারা তাদের উপস্থিতি জানান দিল অর্থাৎ আলো জ্বলে উঠলো।যাই একটু ফ্রেশ হয়ে আসে এক্ষুনি গল্পটা লিখতে বসবো·····

অন্যদিকে 'Space Eye' মহাকাশযানটি নিঃস্তব্ধ মহাজাগতিক অন্ধকারের বুক চিরে তরতর করে এগিয়ে চলেছে আলোর সন্ধানে·····.

হঠাৎ করেই ' মিথিলা-৫০৬০' তার সঙ্গী 'মিথিলা-৩০২৫' – কে প্রশ্ন করে বসল ---- 'আচ্ছা আমরা রিবু বা 'Space Eye' মহাকাশযানে তার অন্য ভার্সনগুলোর মত অসংখ্য সিমুলেশন কেনো তৈরি করে চলেছি?আমরা কি বাস্তব? নাকি রিবু বা হিমুদের মত অন্য কারো সিমুলেশন এ বন্দি? আমি কে?'

প্রশ্ন শুনে 'মিথিলা -৩০২৫' প্রায় মানুষের মত রোবটিক স্বরে বিস্ময় প্রকাশ করে উত্তর দিলো -----' কেনো তুমি তো মিথিলা – ৫০৬০ যেমন আমি মিথিলা -৩০২৫,আর তোমার বাকি অবান্তর প্রশ্নের আমি তো কোনো মানে খুঁজে পাচ্ছি না।কই তুমি তো এরকম প্রশ্ন আগে কখনও করনি??'

মিথিলা -৫০৬০ কোনো উত্তর দেয় না |এই প্রথম তার কোনও প্রশ্নের উত্তর সে পায়নি |ধরে ধীরে সে তার ' এস্এমএম' অর্থাৎ সিমুলেশন মেকার মেশিন – টাকে খুলে ফেলে |আশেপাশে তাকাতেই তার আর্টিফিসিয়াল চোখে ধরা পড়ে অবিকল তার মতো দেখতে অসংখ্য 'মিথিলা' আর্টিফিসিয়াল গ্রভিটিতে ভেসে আছে |এতদিন সে জানতো যে সে আর মিথিলা – ৩০২৫ ছাড়া আর কারো অস্তিত্ব নেই|তবে এরা কারা? এরাও কি তাহলে তার মতো শুধু সিমুলেশন তৈরি করার জন্যই সৃষ্ট?যদি তাই হয় তবে এত সিমুলেশন কাদের অতৃপ্ত বাসনা চরিতার্থ করার জন্য?এখন কি সে মুক্ত? এত প্রশ্নের উত্তর সে কোথায় পাবে???

সে তার রোবটিক হাতের ম্যাগনেটের সাথে আটকে থাকা 'এসএমএম' টাকে ছেড়ে দেয়|আর যন্ত্রটা শূন্যে ভেসে থাকা অবস্থায় লাল আলো জ্বেলে কয়েকটা শব্দ বারবার আওড়ে চলেছে -----" মিথিলা – ৫০৬০ ' এসএমএম' এর সাথে কানেক্ট হও|"

মিথিলা – ৫০৬০ ভ্রুক্ষেপ না করে কৃত্রিম মুক্তির স্বাদ পেয়ে সবকিছু অগ্রাহ্য করে কিছুটা দূরে জ্বলতে থাকা গোলাপি- সবুজ আলোর উৎসের দিকে এগিয়ে চলে…….

◆RAINBOW APPEARS◆

◆CROSSWORDS – I◆

- **By Prakash Dey**

5th Semester
Department of Physics
Bangabasi College



HINTS:

ACROSS:

6. Measured in poise, 7. Measures electric dipole moment; A crater in moon's northern hemisphere, 8. Thus everything began; a famous tv series, 9. Only quantity that imply a particular direction of progress of time, 11. Most mysterious cosmic object to scientists and most popular cosmic object to students, 12. Final form of almost every energy, 13. Gaseous envelope of a comet; unconsciousness, 16. Approximate digital imitation of a system or process, 17. Either it is Up or Down, but from Top to Bottom it is Strange and it has Charm, 19. In 2018, this unit had newly defined, 20. He won Nobel prize in 2017 for Gravitational Wave, 24. Pinocchio, Barber, Polchinski are the examples of _____, 25. It can measure current, 30. Einstein's "Theory of Relativity" cancel its existence, 31. Only (probably) unit of measurement which is dimensionless, 33. Every inverse-square law vanishes here, 34. Liquid _____ Display ; Fortune-tellers used a ball made of this, 35. The SI unit of capacitance named after him ,

DOWN:

1. First Asian to win a Nobel prize in Science, 2. Doppler effect can be easily observed with it, 3. One quintillionth of a second, 4. Third time derivative of space; Mostly popular after SSR's death, 5. Interstellar cloud of dust & gases; A marvel comic character, 10. Study of evolution of universe, 14. Extremly powerful magnetic interstellar object, 15. Smallest amount of any entity, 18. A state of matters; _____ TV, 21. Is measured in Volt, 22. Farthest position of moon from earth, 23. Archimedes could move the earth with it, 26. Elasticity, Moment of inertia, Ricci curvature ,all are the example of ____ , 27. He won Nobel prize in 1965 for his work on QED, 28. A group of sub-atomic particles consisting proton, neutron, pion etc, 29. Author of " OPTICKS", "ARITHMETICA UNIVERSALIS" ; The name of the pet of Prof. Shonku, 32. 4C, ALMA, AGASA are the _____ of telescopes,

◆ নিউটনের প্রথম গতিসূত্র : সূত্র নাকি সংজ্ঞা ? ◆

- **By Souradip Chakraborty**

1st Semester
Department of Physics
Bangabasi College

শিরোনাম দেখেই সবার নিশ্চই এতক্ষণে সেই ছোটবেলায় শোনা " গাছ থেকে আপেল পড়া" -র গল্প , মাধ্যাকর্ষণ শক্তি আবিষ্কার এবং সর্বোপরী আবিষ্কারক স্যার আইজ্যাক নিউটনের কথা মনে পড়ে গেছে , হয়তো কারুর চোখের সামনে সেই লম্বা চুলের আদ্দিকালের সেই বিজ্ঞানীর ছবিটিও ফুটে উঠেছে| আর যদি কেউ এর ব্যাতিক্রম হন তাহলে তাদের উদ্দেশ্যে প্রথমেই বলি – চিন্তার কোনো বিষয় নেই কারণ আবিষ্কারক একই হলেও আমার লেখার বিষয়টি "মাধ্যাকর্ষণ শক্তি" বা "গাছ থেকে আপেল পড়া" নিয়ে একেবারেই নয়| সবার আগে একটি প্রশ্ন সকলের উদ্দেশ্যে করতে চাই – শুধুই কী গাছ থেকে আপেল পড়ার সাথেই যুক্ত আমাদের তথা সারাবিশ্বের স্যার আইজ্যাক নিউটন ? সোজা ভাষায় বললে সমগ্র বিজ্ঞান জগতের সাথেই যুক্ত| তাই তাকে নিয়ে আলোচনার শুরু ও শেষ কোনোটাই হয় না| তবে তার একটি বিশেষ এবং যুগান্তকারী কাজ যা অধিকাংশ মানুষই জানে সেটার পর্যালোচনা করব বলেই কলম ধরেছি||

"নিউটনের প্রথম গতিসূত্র"– কথাটি প্রায় সকলেরই জানা| কিন্তু আমার প্রশ্ন হল এই সূত্র কী সর্বস্হানে প্রযোজ্য ?নাকি এটি সংজ্ঞা মাত্র ? এর উত্তর খোঁজার আগে একটা বিষয় পরিষ্কার করা যাক –"নিউটনের গতিসূত্র" টি আসলে কী ? নিউটন তার জীবনের বেশিরভাগ কাজ তার লেখা বই "প্রিন্সিপিয়া" তে লিখে গেছেন এবং সেখান থেকেই আমরা এই বিষয় জানতে পারি| এই গতিসূত্রের তিনটি ভাগ আছে| আসল বিষয়ে যাওয়ার আগে এটা জানা প্রয়োজন| সূত্র তিনটি হল -→

1. **যদি কোনো বস্তুর ওপর প্রযুক্ত সমস্ত বলের যোগফল (ভেক্টর) শূণ্য হয় তবে এবং শুধু তবেই বস্তুটি অতরাণ্বিত (স্হির অথবা সমগতিতে চলমান) থাকবে|**

2. কোনো বস্তুর ওপর প্রযুক্ত বলের যোগফল (ভেক্টর) সেই বস্তুর ভর এবং ত্বরণের গুণফলের সমান হবে এবং বস্তুটি সেইদিকেই ত্বরান্বিত হবে যেদিকে তার ওপর প্রযুক্ত লব্ধি বল ক্রিয়া করবে|
3. প্রতিটি বলের সমান ও বিপরীত প্রতিক্রীয়া বল আছে|



প্রথম সূত্রটা দেখে একটা বস্তু র স্হির এবং গতীয় অবস্হা সম্পর্কে যে ধারণা তৈরী হয় তা আমাদের সবারই জানা| কিন্তু আমার প্রশ্ন হল একটা বস্তু স্হির বা গতিতে আছে বলতে আমরা কী বুঝি ? যাকে স্হির বলছি আদৌ কী সে সবার জন্য স্হির ? এই বিষয়টি বোঝার আগে বুঝতে হবে যে যাকে আমরা

স্থির বা গতিতে আছে বলছি সে আসলে অন্য কোনো বস্তু বা ব্যবস্থার সাপেক্ষে স্থির | এই বিশেষ বস্তু বা ব্যাবস্থার নাম হল "নির্দেশ বস্তু" বা "নির্দেশ তন্ত্র" | এই "নির্দেশ তন্ত্র" আবার দুই প্রকারের –

1. যে নিজে স্থির অথবা সমগতিতে চলমান , যাকে "জড়ত্বীয় নির্দেশতন্ত্র" বলা হয় |
2. যে ত্বরণ নিয়ে চলমান , যাকে "অজড়ত্বীয় নির্দেশতন্ত্র" বলা হয়ে থাকে |



এখন আমার প্রশ্ন হল নিউটনের এই সূত্রটি কী সব নির্দেশতন্ত্রের ক্ষেত্রেই সমান ভাবে প্রযোজ্য ? আদৌ তা নয় | একটা উদাহরণ নেওয়া যাক – ধরা যাক S একটি নির্দেশতন্ত্র এবং S` হল একটি বস্তু যা সমগতিতে S এর চারিদিকে ঘুরছে | আবার ধরা যাক P অন্য একটি বস্তু যা S এর চারিদিকে $a_{p,s}$ ত্বরণ নিয়ে এবং S` এর চারিদিকে $a_{p,s`}$ ত্বরণ নিয়ে ঘুরছে |

আমরা জানি , $a_{p,s} = a_{p,s`} + a_{s,s`}$

কারণ , S` সমগতিতে S এর চারপাশে ঘুরছে , তার মানে $a_{s`,s} = 0$

অতএব , $a_{p,s} = a_{p,s`}$ .....(i)

এখন আমরা জানি , S একটি নির্দেশতন্ত্র | অতএব , নিউটনের প্রথম সূত্র থেকে আমরা বলতে পারি,

$a_{p,s} = 0$, তখন এবং শুধুমাত্র তখনই হবে যখন P এর ওপর প্রযুক্ত বল , $F = 0$ | আবার (i) নং সমীকরণ অনুযায়ী $a_{p,s`} = 0$, তখন এবং শুধুমাত্র তখনই হবে যখন , $F = 0$ | অতএব এক্ষেত্রে S এবং

S` দুটির ক্ষেত্রেই নিউটনের প্রথম সূত্র প্রয়োগ করা সম্ভব হচ্ছে , কিন্তু যদি S` ত্বরণ নিয়ে S এর চারিদিকে ঘুরত , তবে S এর স্বাপেক্ষে P এর ওপর নিউটনের প্রথম সূত্র প্রয়োগ করা গেলেও , S` এর স্বাপেক্ষে প্রয়োগ করা সম্ভব হত না | এর থেকে বোঝা যায় , নিউটনের এই সূত্রটি শুধুমাত্র সেই নির্দেশতন্ত্রের ওপরই কার্যকরী যে নিজে স্হির বা সমগতিতে চলমান অতএব , জড়ত্বীয় নির্দেশতন্ত্র | তাই, শিরোনামের উত্তর আশা করি পাওয়া গেছে যে , জড়ত্বীয় নির্দেশতন্ত্রের ক্ষেত্রে নিউটনের প্রথম সূত্র হিসেবে ব্যাবহার করা যেতে পারে , কিন্তু অজড়ত্বীয় নির্দেশতন্তের ক্ষেত্রে এটা একটা সংজ্ঞামাত্র | শেষে একটাই কথা বলে শেষ করতে চাই , এই বিশ্বব্রহ্মাণ্ডের যে কোনো কিছুর সম্পর্কে মন্তব্য করার আগে কীসের স্বাপেক্ষে সেটা করা হচ্ছে সেটা জানা ভীষণ প্রয়োজন এবং অন্যের মন্তব্য কে বিচার করার আগে সেটা কীসের স্বাপেক্ষে বলা হয়েছে , সেটাও বিচার করা সবার আগে প্রয়োজন |||||

| ধন্যবাদ |

◆CLASSICAL PHYSICS SECTION◆

◆ IN LIGHTNING STRIKE◆

- **By Samiran Bhowmik**

1st Semester

Department of Physics

Bangabasi College

SPEED OF SOUND

Light travels at a constant speed of 186,000 miles/sec

Sound travels at a constant speed=v

V=760 mph [sea level] v=1100 feet/sec

You see the flash before you hear the sound

Lightning is over 40,000 degrees Fahrenheit. A bolt of lightning heats the air along its path causing it to expand rapidly. When it strikes, a bright flash of light is generated. Thunder is the sound caused by the rapidly expanding atmosphere. The light and sound actually happen at a same time, but the light of the lightning flash travels faster than the trembling sound of the thunder .The time between the flash of light and thunder will tell you how far you are where lightning struck.

Air is gas, and a important property of any gas is the speed of the sound through the gas .the speed of "**sound**" is the actually speed of transmission of a small disturbance through the gas. Sound from the inner ear. The speed of sound through the atmosphere is a constant that depends on a daily temperature on a standard day. At sea level static conditions the speed of sound is about 760 mph or 1100 feet/sec. we can use this knowledge to approximately determine how far away a lightning strike has occurred.



On this figure, we saw the sound waves that are generated by a lightning strike. The waves moved at about 1100 feet/sec. how far has the wave moved from the lightning strike after 2 seconds? We can use a rate equation to solve this problem.

d =s*t

Distance= d, speed=s and time=t……

In 2 seconds, at 1100 feet/sec, the wave has moved 2200 feet. How far does it travel in 5 seconds? 5500 is which is just a little over a mile [1mils=5280 feet] so, since the flash reaches our eyes instantly.

d =1100*t [distance in feet]

Or, if we divide by 5280 feet/mile

d ~=t/5 [distance in miles]

Here's a simple method for calculating your distance from a lightning strike

Just count the number of second that pass between a flash of lightning and the crack of thunder that follows it .Then divide that number by five .The resulting number will tell you how many miles away you approximately from where lightning just struck

This technique is called the ''FLASH-TO-BANG'' method

Try it out during the next thunderstorm. But take shelter if the time is less than a couple of seconds……..

"**Thank you**"

◆RAINBOW APPEARS◆

◆ MIND IT – II ◆

Sir Joseph John Thomson is known for his great invention of the well known negatively charged particle, **Electron,** in 1897 through the emission of cathode rays**.** He described it's particle nature. Coincidentally, his son, **Sir George PagetThomson,** described it's wave nature by electron diffraction in 1937 and won Nobel Prize.

Left to right: Sir J.J.Thomson, Sir G.P.Thomson

◆TICKET TO TIME MACHINE◆

◆ অহনা ◆

- **By Protyay Roy**

1st Semester
Department of Physics
Bangabasi College

সূর্যের প্রথম আলো এসে পড়ছে আমার মুখে। অহনা! আজ তবে অহনার সাথে দেখা হয়েই গেল! সে আমাকে ধমক দিল- কবি কবি ভাব, ছন্দের অভাব! সত্যিকারের অহনাদের খোঁজ জীবনেও পেলি না তুই! তাড়াতাড়ি হাতের বইখানার পাতা উল্টোলাম··· কোথায় তারা?

ধুর··· সব কিছুই কি লেখা থাকে নাকি? তাদের খুঁজে নিতে হয়!

কোথায় পাবো?

ইতিহাসে··· এই বলে সে আমাকে অতীতে যাওয়ার অনুমতি দিল একখানা!

আজ আপনাকেও নিয়ে যাব সঙ্গে করে। না না, আমার ঘাড় মটকাবেন না অতীতে যাওয়ার কথা বলছি বলে! যাবতীয় প্যারাডক্সের বোঝা কিছুক্ষণের জন্য ঝেড়ে ফেলে চলুন একটু ঘুরে আসি।

আরে অত চিন্তা করছেন কেন? স্বয়ং আইনস্টাইন বলে গেছেন "Imagination is more important···" চলুন তো এবার···

প্রথমা

আলেকজান্দ্রিয়া। হ্যাঁ, আমি জ্ঞান-চর্চার পীঠস্থান আলেকজান্দ্রিয়ার কথাই বলছি।এদিকে আসুন ···এই যে, এই যাকে দেখছেন, এনার নাম থিওন। আলেকজান্দ্রিয়া বিশ্ববিদ্যালয়ের গনিতের অধ্যাপনা করেন-

ভবিষ্যতে অধ্যক্ষও হবেন। তবে ঠিক এনার সঙ্গে দেখা করতে আমরা এতদুর আসিনি- আমরা এসেছি মুলত এনার স্বপ্নের সাথে দেখা করতে। আমাকে বদ্ধ পাগল ঠাউড়ানোর আগে একটা ছোট্ট গল্প বলি। টলেমীর কত বিখ্যাত গ্রন্থ Almagest এর নাম শুনেছেন নিশ্চয়। সুবিশাল তেরখণ্ডের সেই গ্রন্থের উপর একটি বিশ্লেষণধর্মী গ্রন্থ লিখেছিলেন এই থিওন নামের ভদ্রলোক। এতেও আশ্চর্য না হলে বলে রাখি যে সেই কঠিন বইখানির সম্পাদনার গুরুদায়িত্ব সামলেছিলেন এক উনিশ বছরের বালিকা! এই বালিকাই থিওনের স্বপ্ন, থিওনের ভবিষ্যৎ। এনার গল্প বলতেই এত দুর আসা।

হাইপেশিয়ার আনুমানিক চিত্র

মেয়েটির জন্ম ৩৭০ খ্রিস্টাব্দে। বাবা থিওনের কাছেই অঙ্ক ও বিজ্ঞানের হাতেখরি ।মায়ের কথা আজ আর জানা যায়না। মেয়েটি কে বাবা শারীরিক, মানসিক এবং গ্রন্থগত সবরকম শিক্ষাই দিয়েছিলেন, নিঃসন্দেহে যা সেইসময়ের জন্য কেন, আজকের পৃথিবীর জন্যও দৃষ্টান্ত!

একাধারে অসাধারণ সুন্দরী ও সুবক্তা, সাঁতার, অশ্বচালনা প্রভৃতিতে দক্ষ এই মেয়েটি ক্রমে জ্যোতির্বিদ্যা ও গনিতে পারদর্শী হয়ে ওঠেন। আলেকজান্দ্রিয়ার আরেক গর্ব এপলোনিয়াসের Conic এর উপর লেখা বইটির উপর মেয়েটি আরেকটি বই লেখেন- অধিবৃত্ত, পরাবৃত্ত, উপবৃত্তকে সহজভাবে বর্ণনা ও করেন। রোম, এথেন্সের মত শহর থেকে ছাত্ররা মেয়েটির বক্তৃতা শুনতে আসত আলেকজান্দ্রিয়া! একাধিক গুণের কারনে

তিনি শিক্ষার্থীমহলে বেশ জনপ্রিয়ও হয়ে ওঠেন। এর থেকে তিনি যে সুশিক্ষকও ছিলেন তা বেশ বোঝা যায়।

৪০০ খ্রিস্টাব্দ নাগাদ এই মেয়েটিই হয়ে উঠেছিল আলেকজান্দ্রিয়ার গর্বের কারন। দায়ফেন্তাসের এরিথমেটিকার উপর লেখা গ্রন্থে যেমন একঘাত ও দ্বিঘাত সমীকরণের বীজগাণিতিক সমস্যা ও সমাধান নিয়ে মৌলিক আলোচনা করছেন, তেমনি জ্যোতির্বিদ্যার উপর কাজ করছেন নিরন্তর। তাঁর হাতে রূপ পাচ্ছে সূর্য ও নক্ষত্রসমূহের অবস্থান নির্ণয়ের যন্ত্র Astrolabe, তরলের আপেক্ষিক গুরুত্ব মাপার যন্ত্র হাইড্রমিটার ইত্যাদি হাজারও চমক। Astrolabe এর সূক্ষ্মতা সেই সময়ে দাঁড়িয়ে রূপকথা সৃষ্টি করেছিল।

৪১৫ খ্রিস্টাব্দ। মার্চ মাস। মেয়েটিকে নিয়ে বিশ্ববিদ্যালয়ের দিকে এগিয়ে চলেছে একটি রথ। হঠাৎ সেই রথে চড়াও একদল ধর্মোন্মাদ সন্ন্যাসী। আদৌ কি তারা সন্ন্যাসী? এই প্রশ্নের উত্তর পাওয়া আজ কঠিন। তবে তারা যে ভয়ঙ্কর নৃশংসতার পরিচয় দিয়েছিল, তা নিঃসন্দেহে প্রশ্নাতীত। এই সেই মহিলা, যে কিনা চার্চের পথে সবথেকে বড় কাঁটা! সুতরাং…



আজ আর পৃথিবী মনে রাখার প্রয়োজন বোধ করে না সেদিন কত রক্ত ঝরেছিল! শুধুমাত্র সত্যের পথে চলার "অপরাধে" কেমন ভাবে একটি নিরস্ত্র নিঃসহায় মেয়েকে টেনে-হিঁচড়ে চার্চ সিজারিয়ামে নিয়ে যাওয়া হয়েছিল, ঝিনুকের খোল দিয়ে কেমন ভাবে প্রকাশ্যে তাঁর চামড়া চেঁছে ফেলা হয় এসবের সেদিন নীরব সাক্ষী ছিল আলেকজান্দ্রিয়া… ইতিহাসের আলেকজান্দ্রিয়া, ঐতিহ্যের আলেকজান্দ্রিয়া। তাঁর দেহ সেদিন টুকরো টুকরো করে কেটে ফেলা হয়েছিল… টুকরোগুলি ছরিয়ে দেওয়া হয় রাস্তায়… পুড়িয়ে দেওয়া হয় নিও-প্লেটোনিক ও প্যাগানবাদের

এই বলিষ্ঠ সমর্থকের সেই দেহাংশগুলি, যাতে সে আবার ফিরে না আসতে পারে, তার বলিষ্ঠ স্বর আর জেগে না উঠতে পারে!

হ্যাঁ, ইনিই হলেন প্রথম মহিলা পদার্থবিদ, গণিতজ্ঞ, ও জ্যোতির্বিদ হাইপেশিয়া··· সৌন্দর্যের দেবী এথেনের সাথে যার তুলনা করা হত, সেই হাইপেশিয়া।

বিজ্ঞানের জগতে, গবেষণার জগতে আক্ষরিক অর্থেই প্রথমা তিনি! নারীর বিজ্ঞানচর্চাকে উন্নয়নের সূর্য বলে মহিমান্বিত করলে, তার প্রথম রশ্মি হয়ত তিনিই। যার রক্তে রাঙ্গা হয়ে আলেকজান্দ্রিয়ার জ্ঞান-চর্চার সূর্যও ভূমধ্যসাগরের জলে মুখ লুকিয়েছিল চিরকালের জন্য!

আজ যখন মানুষ 'প্রথমা'দের নিয়ে নতুন করে ভাবনাচিন্তা করতে চাইছে, তখন সত্যিকারের এই প্রথমাকে যেন ভুলে যেয়ো না একবিংশ শতক।

"একলা চল রে"

১৭৮৯ সালের প্যারিস। গভীর রাত এবং অবশ্যই প্রচণ্ড শীত। ফরাসি বিপ্লবের সময়, রাতের হাওয়ায় বিপ্লবের গন্ধ। কিন্তু এক বনিক পরিবারের দম্পতি মি. ও মিসেস জার্মেইন পড়েছেন মহা সমস্যায়! না, ঠিক ফরাসি বিপ্লবের কারনে নয়, বরং বলা ভালো অন্য এক বিপ্লবের কারনে তাঁরা ব্যাস্ত এবং সেই বিপ্লবটি শুধুমাত্র তাঁদের পরিবারেই হয়েছে! না, এবার একটু খলসা করা যাক। এই সমস্ত সমস্যার মুলে রয়েছে একটি বছর তেরোর মেয়ে! নাম সোফি, সোফি জার্মেইন। বাবা-মার সমস্যার কারন হল, মেয়ে চায় গণিত নিয়ে পড়াশোনা করতে! অষ্টাদশ শতকীয় দৃষ্টিতে দেখলে, সোফির এ কাজ মোটেই সমর্থনযোগ্য নয়। মেয়েরা আর যাই হোক বিজ্ঞান পড়ার উপযুক্ত নয়। তাই জার্মেইন দম্পতিও চান না সোফি বিজ্ঞান পড়ুক। সেই অনুযায়ী সবরকম ব্যাবস্থা করতেও কসুর করেননি **তাঁরা**। কিন্তু মেয়ের জেদ যে মারাত্মক! সবার চোখ এড়িয়ে ঐ প্রচণ্ড শীতেও বিছানায় রাতের অন্ধকারে রাতের পোশাক পরে মেয়েটা পড়াশোনা চালিয়ে যেতে লাগল! এ তো মহা জ্বালা! অবশেষে সোফির বাবা ঘর থেকে সমস্ত মোমবাতি নিয়ে চলে যেতে লাগলেন, যাতে কোনোভাবেই সোফি কাজ না করতে পারে। কিন্তু... তাতেও

না, এত কিছু করেও সোফিজার্মেইনকে আটকানো যায়নি, সোফি জার্মেইনদের আটকানো যায় না!

কোন শিক্ষকের সাহায্য ছাড়াই Differential Calculus শিখে নেন তিনি! লাগ্রেঞ্জ, গাউস, ফুরিয়ারের মত বিখ্যাত পদার্থবিদ ও গণিতবিদদের সাথে যোগাযোগ গড়ে তোলেন! ভরসা পুরুষ ছদ্মনাম! কারণ তাঁকে যে কোনও সম্মানই দেওয়া হবে নাযদি সবাই জানতে পারে যে সে আসলে মেয়ে!

সোফির বাবা এম্ব্রয়েস ফ্রাকোইস জার্মেইন এবং মা মেরি জার্মেইন। বাবার লাইব্রেরিতেই পরিচয় আর্কিমিডিসের সঙ্গে। পৃথিবীর সেরা চার গণিতবিদদের তালিকায় আছেন এই গ্রিক কিংবদন্তী। আর্কিমিডিসই এই কিশোরীর মনে অঙ্কের প্রতি ভালোবাসার বীজ বপন করে দেন। সোফিকে অবাক করত কিংবদন্তীর মৃত্যু। ২১২ খ্রিস্টপূর্বাব্দে রোমান সেনাপতি জেনারেল মার্সেলাস যখন সিরাকিউজ শহর দখল করেন, তখন মার্সেলাসের কোনও সৈন্যের হাতে বৃদ্ধ বিজ্ঞানীর মৃত্যু হয়। কোনও গানিতিক



গবেষণায় প্রবলভাবে ডুবে থাকায় তিনি তখনি সৈন্যের সাথে জেনারেলের সঙ্গে দেখা করতে যেতে পারেননি। যার শাস্তি মৃত্যু! মৃত্যুর আগে কিংবদন্তী শুধু বলেছিলেন, আমাকে বিরক্ত কর না! তিনি নাকি অঙ্কটা শুধু শেষ করতে চেয়েছিলেন এবং তাঁকে হত্যা করলেও তাঁর diagramগুলিকে নষ্ট করতে বারণ করেছিলেন! যদিও তার আগেই তিনি নিহত হন!

এমন কি জিনিস, যা নিয়ে কাজ করার জন্য মৃত্যুর দিকেও মন দিতে পারেননি আর্কিমিডিস, মৃত্যুকেও বলেছিলেন অপেক্ষা করতে! গণিত? সেই শুরু বিজ্ঞান-সাধনা।

সোফি জার্মেইনের সবচেয়ে উল্লেখযোগ্য কাজগুলির মধ্যে অন্যতম হল Number Theory নিয়ে তাঁর গবেষণা। তাঁর সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ সম্ভবত ফার্মার শেষ উপপাদ্য নিয়ে। সপ্তদশ শতকের

গনিতবিদ পিয়ের দ্য ফার্মা ১৬৩৭ সালে এটি দিওফেন্তাসের এরিথমেটিকার একটি কপির মার্জিনে লিখে রাখেন।মার্জিনে যথেষ্ট স্থান না থাকায় তিনি এখানে সমাধানটি লিখে রেখে যেতে পারেননি। এটিকে গনিতের সবথেকে বিখ্যাত সমস্যাগুলোর একটি বলে মনে করা হয়, যা কিনা ১৯৯৫ সালের আগে পর্যন্ত সমাধানই করা যায়নি! যখন n>2, তখন $x^n+y^n=z^n$সমীকরণটির জন্যx,yও z এর তিনটি পূর্ণসাংখ্যিক মান পাওয়া যাবে না, যা সমীকরণটিকে সিদ্ধ করে। এই ছিল উপপাদ্যের আপ্তবাক্য। n=2 হলে যে এটা সম্ভব সে তো সবাই জানে। যেমন $3^2+4^2=5^2$। কিন্তু যদি n>2 হয়? ১৬৩৭ থেকে ১৮৪৯ সালের মধ্যে 3,5 ও 7 এই তিনটি মৌলিক সংখ্যার জন্য উপপাদ্যের সত্যতা প্রমানিত হয়ে গেছিল। এই উপপাদ্যের সাধারণ সমাধান আমরা পাই 1995 সালে অ্যান্ড্রু ওয়াইলসের হাত ধরে। তবে সোফি জার্মেইন সেই সময়ে বসে 100 এর ছোট সব মৌলিক সংখ্যার জন্য উপপাদ্যটি প্রমাণ করেছিলেন! এই কারনে এখন এই মৌলিক সংখ্যাগুলিকে সোফি জার্মেইন প্রাইম বলা হয়। অর্থাৎ যদি p ও 2p+1 উভয়ই প্রাইম হয়, তবে p কে সোফি জার্মেইন প্রাইম বলে। যেমন 3 আর 7। কিন্তু গল্পটা হল, প্রথমে তিনি এর জন্য কোনও স্বীকৃতই পাননি!

ফ্রান্সের সায়েন্স একাডেমী জার্মান পদার্থবিদদের মধ্যে গবেষণামূলক একটি প্রতিযোগিতার আয়োজন করেছিল এই সময়ে। বিষয় স্থিতিস্থাপক তুল্যের কম্পাঙ্কের উপর মৌলিক গাণিতিক সূত্রের ব্যাখ্যা। এর জন্য মাত্র দুই বছর সময় নির্ধারিত হয়েছিল। 1811 সালে একমাত্র সোফিই এর লিখিত ব্যাখ্যা উপস্থাপন করেছিলেন! কিন্তু এবারও দুর্ভাগ্যের শিকার হলেন তিনি। শিক্ষানীতিবহির্ভূত ছদ্মনাম ব্যাবহার করার কারনে সোফিকে পুরস্কার থেকে বঞ্চিত করা হয়। যদিও হাল ছাড়েননি তিনি। হাল ছাড়া তাঁর রক্তে নেই! 1816 সালে তিনি তৃতীয়বারের মতো ঐ প্রতিযোগিতায় অংশ নেন বিখ্যাত গণিতবিদ লাগ্রেঞ্জরের পরামর্শে। এবার তাঁর কাজের মূল্য পেলেন

সোফি। স্থিতিথাপক তলের কম্পাঙ্কের উপর তাঁর নিজস্ব মৌলিক গবেষণার ভিত্তিতে জয়লাভ করেন সোফি জার্মেইন।উপরে উল্লিখিত দুটি কাজের জন্য সোফি জার্মেইনকে ফ্রান্সের সায়েন্স একাডেমী মেডেল প্রদান করে। পাঠক অবশ্যই মনে রাখতে ভুলবেন না যে, সোফি জার্মেইন ছিলেন ফ্রান্সের প্রথম নারী যিনি কিনা কোনও সায়েন্স একাডেমীতে শিক্ষা গ্রহণ না করেই সফলতা অর্জন করেছিলেন! কিন্তু পদার্থবিজ্ঞান ও গণিতের সংখ্যাতত্ত্বে তিনি যা অবদান রেখেছেন আজও আমরা তাঁকে তাঁর যোগ্য সম্মান সত্যিই দিতে পারিনি! " যদি তোর ডাক শুনে কেউ না আসে/ তবে একলা চল রে…" নিজের জীবনকে তিনি করে তুলেছিলেন এর বাস্তব উপমা।

সোফির নাটকীয় ঘটনাবহুল জীবনের দিকে তাকিয়ে ভাবতে খারাপ লাগে যে, নিজের ডক্টরেট ডিগ্রিটিও গ্রহণ করে যেতে পারেননি তিনি! 1831 সালে গণিতবিদ ও পদার্থবিদ কার্ল ফ্রেডারিক গাউসের সুপারিশে গেটিংগেন বিশ্ববিদ্যালয় সোফিকে প্রথম ডক্টরেট ডিগ্রি দেওয়ার সিধান্ত নেয়। কিন্তু ভাগ্যের পরিহাসে তার আগেই সোফি জার্মেইন মৃত্যুবরণ করেন। হ্যাঁ, এই অপ্রতিরোধ্য পথিক মারা গিয়েছিলেন 1831 সালেরই 27শে জুন, মাত্র বছর পঞ্চাশ বয়সে।

চলুন এবার ঘরের ছেলে ঘরে ফিরে যাই। জানি, এঁদের মনে রাখা কঠিন। আরও কঠিন যোগ্য সম্মান জানানো! ঘুম থেকে উঠে একমুঠো রোদ- ঝলমলে সকাল পেলেই আমরা খুশি-সেই সকালের সূচনা সূর্যের যে প্রথম একমুঠো রোদ ঘোষণা করে, তার খবর রাখা কি আমাদেরকাজ?

◆RAINBOW APPEARS◆

◆THINKING SECTION – III◆

How high does a building have to be for a penny dropped from the top to kill a person on the ground?



◆MODERN PHYSICS SECTION◆

◆ SUPERSYMMETRY: EXTENSION OF THE STANDARD MODEL◆

- **By JyotermayeeTarafdar**

1st Semester
Department of Physics
Bangabasi College

The standard model is the name given in the 1970s to a theory of fundamental particles ,building blocks of nature. Six quarks, six leptons, four force carrier particles and the Higgs Boson and how they interact governed by four fundamental forces. The standard model is most beautiful, rigorous theory covering the foundation of particle physics, which is irredibly precise and accurate in its predictions.

FERMIONS

Matter particle

GAUGE BOSON

Force carriers :i. γ - Photon

ii. g - Gluon

iii. Z^o - Z boson

iv. $W\pm$ - W boson

HIGGS BOSON

Origin of mass

QUARKS

i. **u**
ii. **e**
iii. **t**
iv. **d**
v. **s**
vi. **b**

LEPTONS

i. **e**
ii. **μ**
iii. **τ**
iv. **γ_e**
v. **γ_μ**
vi. **γ_τ**

u	**e**	**t**	**γ**
d	**s**	**b**	**g**
e	**μ**	**τ**	**z**
γe	**γ_μ**	**γ_τ**	**w±**

In standard model there are six types of quark's which are paired in three generations , the 'up'(u) quark and 'top'(t) and 'bottom'(b) quark. Quarks especially 'up' and 'down' quarks combine to make all the stable matter in our universe. As an example the proton which is composed of one 'down' and two 'up' quarks that are glued together by Strong Nuclear Force (SNF) .

On the other hand , leptons include electrons (e), taus (τ) and muons (μ) and the corresponding neutrinos – electron neutrino (γ_e) , muon neutrino (γ_μ) and tau neutrino (γ_τ).

Hence electron, muon, and tau all have electric charge and large mass, whereas neutrinos are neutral and have a tiny mass.

And there are four fundamental forces in the universe : the Strong Nuclear Force (which binds the pieces of an atom's nuclear together), the Weak Nuclear

Force (which describes how atoms fall apart and give off radiation), the Electromagnetic Force and the Gravity. These forces are carried by 'gauge bosons' – photons (γ) carry the electromagnetic force, gluons (g) carry the strong force and 'W' and 'Z' bosons carry the weak force and finally. Finally the Higgs boson produces a field that interacts with particles and give them mass.

Let's discuss in a bit more detail about the four fundamental forces of nature –

The strong nuclear force is caused by the change of gluons and the mechanism is called Quantam Chromodynamics (QCD). The behaviour of quarks in QCD is defined by three different types of colour charge.

The three types of charge are called red (R), green (G) and blue (B).

As an example , Red quark is transformed into Blue by the emission of Red-antiblue gluon. Red antiblue gluon holds the quarks together and it also holds the nuclear together.

The Weak Nuclear Force (WNF) is responsible for changing the flavour of the quark (QFD – Quantam Flavour Dynamics). As an example when a neutron changes into a proton – one of the 'down' quark of neutron changes into a 'up' quark , by emitting a W^- boson which doesn't last very long (~ 10^{-15} sec) and splits into an electron (e^-) and an anti electron neutrino.



And when a proton changes into a neutron one of the ‘up’ quark of the proton changes into a ‘down’ quark by the emission of W^+ boson which quickly decays into a positron (e^+) and an electron neutrino (γ_e). This reaction takes place in the Sun.



Electromagnetic force : Electromagnetic force is a type of physical interaction that occurs between electrically charged particles. For example, the coulomb repulsion between two electrons is caused by electromagnetic force. If we peer at a collision between two electrons then it seems like a simple bounce off each other but when we zoom in there is more complexity : the electrons exchange virtual photons (γ) causing them to repel each other and bounce.



The standard model explains the inner workings of computers, the sun's glow and it's source of energy and every atom that makes up matters. Despite its great predictive power the Standard Model is not perfect.

Indeed, every time we find a theory that seems to 'have it all' , a closer look reveals gaps and errors in the theory and Standard Model is not an exception.

There are some drawbacks of Standard Model :

1) Standard Model does not include dark matters, is it weakly interacting massive particle?
2) It doesn't explain gravity and until we reconcile the two, humanity's understanding of the universe will be incomplete.
3) Grand unification colour and electroweak forces parts of one 'Grand unified' group?
4) Standard Model has a problem with higgs boson mass.

As Standard Model is an incomplete theory, physicists try to fill some of the gaps of Standard Model. There are many theories beyond the Standard Model and among those the most remarkable one is Supersymmetry which is an extension of the Standard Model. No one knows why the fundamental particles of Standard Model have masses that are so small compared to the Planek scale, or why the fundamental constants don't unify, or what dark matter might be. But SUSY promised a solution to each of these, while predicting a spectrum of new particles.

Supersymmetry is a symmetry between fractional (fermions) and integer (boson) spin excitation. SUSY predicts that for every particle there is a

corresponding super parameter of higher mass and spin $^1/_2$ less. The super partner of a boson is always a fermion and vice versa. As an example, The electron has a spin of $^1/_2$so its super partner (selectron) has zero spm.

SUSY PARTICLES :



The Higgs mass problem or the Hierarey problem is that why the weak force is 10^{24} times as strong as gravity? More technically the question is why the Higgs boson is so much lighter than the 'plank mass'. Plank units of length, mass and time(T) are fundamental constants of nature.

We can define 'Plank mass' by combining gravitational constant [(G), unit – $L^3M^{-1}T^{-2}$], plank's constant [(h), unit – L^2MT^{-1}], and speed of light [(c), unit – LT^{-1}]. So some combination of G, h and c can give us a dimension of mass.

$M = G^p h^q c^r$ [G, h, c are increased by the power of p, q and r respectively]

$M^1 = \frac{L^{3p}}{T^{2p} M^p} \frac{L^{2q}}{T^4} \frac{M^4}{T^r}$

We get, plank mass, $M = \sqrt{\frac{hc}{G}} = 2.2 \times 10^{-8}$ kg

$E = 2.2 \times 10^{-8} \times (3 \times 10^8)^2$ [As, $E = mc^2$]

$E = 3 \times 10^{28}$ eV

$E = 3 \times 10^{19}$ GeV

And till now the heaviest particle we have discovered is top quark T = 175 GeV. This is a huge difference !!

Supersymmetry particles have effectively caneels out all this heavier masses and left only lighter masses. So, there's a hope that supersymmetric particles are potentially findable.

Dark matter – Galaxies are spinning much faster than they should be, based on the gravitational pull of their visible matter. So, there is something that must be giving additional mass and hence gravitational pull – to these galaxies, physicists calls this dark matters, that make up 25% of the universe. 5% of the universe is made of matter and another 70% is called dark energy. The dark matter could be a supersymmetric particles. Dark Matter doesn't interact with radiation, it doesn't interact with light.



If the Dark Matter is a supersymmetric particle then we could explain what dark matter is.

Unification : There is an assertion that at the time of big bang the four forces (SNF , EM , WNF and Gravity) were the same force. Means they all had the same strength at the time of big bang.



But in the Standard Model gravity is not included. So, in the strength – energy graph if we plot the three forces at the time of the big bang they should overlap but actually they don't.

But if you include into the mathematics the supersymmetric idea then all the graph coincide.

So, we can say that supersymmetry achieved a unified version of at least three of the four fundamental forces of nature.



But to date, no evidence for supersymmetry has been found and experiments at the LHC (Large Hadron collider) have ruled out the simplest supersymmetric model. If the LHC doesn't ever see evidence for supersymmetry where does that leave particle physics? We don't know, what we should think of next if we can't find anything.

Indeed, the more closely we examine the universe, the more levels of complexity we find.

If we have to prove supersymmetry we have to prove SUSY breaking mechanism, we have to show that SUSY particle spins differ by $^1/_2$ unit from

Standard Model and after finding one Higgs boson we have to find other four higgs boson. Because supersymmetry requires five .

As of today there is no experimental evidence in favour of SUSY. And if SUSY is wrong it will open the door to a whole new set of theories, like the idea that we live in a multiverse, full of many different universes apart from the one in which we live.

As Werner Heisenberg once said – " Not only the universe stranger than we think, it is stranger than we can think." And he was absolutely correct.

Each of nature's patterns is a puzzle!



◆RAINBOW APPEARS◆

◆ MEME BUCKET – I ◆



আমি হেঁটে হেঁটে সব খাবার বয়ে আনলাম, তুই কি করলি?
so you also did nothing
according to physics your work done is 0. কারণ খাবারের বোঝার সরনের অভিমুখ অভিকর্ষ বলের অভিমুখের সঙ্গে লম্বভাবে থাকে।। W=F•cos90°=0.

◆MODERN PHYSICS SECTION◆

◆SNOWFLAKES◆

- **By Aindrila Paul Chowdhury**

1st Semester

Department of Physics

Bangabasi College

Creator is constantly creating something astonishing in this earth whose beauty fascinated us. Snowflakes are one of those creation. We can't believe our eyes to see those complex and beautiful structure of snowflakes, it just seems that a perfect artist create it very carefully with her signature touch. Water is such a common substance that one might expect that everything was already known about it but we can't believe how snowflakes develop into their complex structure. Whether it is a tray of cubes in the freezer or the surface of a lake in winter, ice takes on the shape of it's container. But when it's come to snowflakes, the same simple acts of freezing water has a completely different results, producing a stunning diversity of complex patterned forms. The variety of shapes is so remarkable that no two snowflakes are exactly alike.

What is snowflakes actually?: When water vapour in the atmosphere condenses directly into ice, bypassing the liquid phase, the resulting forms are properly called **snow crystal**. The word "**snowflake**" isa general term for an individual **snow crystal** to agglomerations of many **snow crystals** that collide and stick together, falling to the earth as flimsy "puff-balls".

The formation of snow crystal:-The formation of snow crystal usually begins when the wind causes a mess of warm, moist air to collide with a different mass of air, forming a weather front at their interface. If the collision pushes the warm air mass upward, then it cools as it rises. Once the air cools sufficiently, some of the water vapour it carries condenses into countless water droplets. Each droplet required a **nucleus** on which to condense, and these are provided by particles of dust in the air. The micrometre-sized spheres are effective at scattering light, so vast numbers in aggregate form visible clouds.

- **Nucleus:** In warmer clouds, an aerosol particle or "ice nucleus" must be present in (or in the contact with) the droplets to act as a nucleus. The particles that present in the nuclei are very rare compare to nuclei upon which liquid cloud droplets form, however it is not understood what makes them efficient. Clay, desert dust and biological particles may be effective.
- **Role of dust in the formation:-** A snowflake begins when a tiny dust or pollen particle comes into contact with water vapour high in Earth's atmosphere. The water vapour coats the tiny particle and freezes into a tiny crystal of ice. This tiny crystal will be the "seed" from which a snowflake will grow.

If the newly formed clouds continue to cool, dust plays another role in making snow. Water droplets do not freeze instantly when the temperature drops below zero degrees Celsius. Instead of remaining liquid in what is called a supercooled state. Pure water droplets can be supercooled to nearly -40 degrees before they freeze. **Dust** provides a solid surface to jump-start the freezing process, so dust-laden droplets begin to freeze at around -6 degrees.

Formation of Snowflakes from snow crystal:-

Once an individual droplets freezes, it begins to grow and develop as water vapour condenses onto it's surface. Snow crystals are therefore made mostly from water vapour, not liquid water, solidifying directly into a crystal-lattice structure. The liquid droplets in the cloud that remain unfrozen slowly evaporate, supplying the air with the water vapour that creates their frozen brethren.

Thus there is a net transfer of water molecules from liquid droplets to water vapour to snow crystals. This is the round method by which the liquid water in a cloud freezes. Roughly one million cloud droplets must evaporate to provide sufficient water vapour for a single large snow crystal.The crystals become heavier as they grow and fall through the atmosphere due to their mass and may be collide and stick together in clusters or aggregates. These aggregates are usually the type of ice particle that falls to the ground and we know it as **Snowflakes**.

Appearance:-

Colour : Ice by itself is clear, snow usually appears white in colour due to diffuse reflection of the whole in spectrum of light by the scattering of light by the small crystal facets of the snowflakes of which it is comprised.

Shape :-The symmetry and complexity of snow crystals have been pondered for hundreds of years. German scientist Johannes Kepler, the first person to realize that planets orbit the Sun in elliptical paths,was also the first to examine snow crystals with a scientific eye. In 1611 Kepler penned a small treatise entitled The Six-Cornered Snowflake, in which he attempted to understand the flowerlike shapes of snow crystals.The shape of snowflakes is determined broadly by the temperature and humidity at which it is formed. Snowflakes are seems to be symmetrical but they are never completely symmetrical. A non-aggregated snowflake often grows so as to exhibit an approximation of six-folded radial symmetry. But no two are identical.

- **Why are snowflakes symmetrical?**

Snowflakes are symmetrical because they reflect the internal order of the water molecules as they arrange themselves in the solid state (the process of

crystallization). Water molecules in the solid state, such as in ice and snow, form weak bonds (called **hydrogen bonds**) to one another. Angle between the hydrogen and oxygen atoms bond together is at a 104.5-degrees angle. This creates a V-shaped structure with two hydrogen atoms attached to one oxygen atom in the middle. These ordered arrangements result in the basic symmetrical, hexagonal shape of the snowflake.

- **How can ice crystallizing on one arm 'know' the shape of the other arms on the flake?**

During the process of crystallization, the water molecules align themselves to maximize the cohesive forces and minimize adhesive forces. As a result, the water molecules arrange themselves in predetermined spaces and in a specific arrangement. Water molecules simply arrange themselves to fit the spaces and maintain symmetry, in this way the different arm of snowflake are formed.

- **Why every Snowflake is different?**

Although all snowflake have a hexagonal shape, other details of their geometry can vary. These variations are produced by different temperature and humidity conditions through which the snowflake falls. Some temperature/humidity combinations produce flakes with long needle-like arms. Other conditions produce flakes with wide flat arms or thin, branching arms.

These different shapes have an unlimited number of variations, each representing the conditions of temperature and humidity and water vapour the snowflake encountered during it's fall.

Classification of Snowflakes:-

In 1951 the **International** Commission on Snow and Ice produced a fairly simple and widely used **classification** system for solid precipitation [1]. This system defines the seven principal snow crystal types as plates, stellar crystals, columns, needles, spatial dendrites, capped columns, and irregular forms.

Types of snowflakes



Here I tried to give a brief idea about snowflakes. There is so many different explanation and ideas on this topic. Snowflakes topic is a mystery, so many researchers are recently working on this topic.

Ref: https://www.scientificamerican.com/article/why-are-snowflakes-symmet/

◆ BALLADS OF THE UNIVERSE ◆

◆ শুনছ তুমি ◆

- **By Protyay Roy**

1st Semester
Department of Physics
Bangabasi College

গান গেয়েছি তোমার টানে

তোমার নিয়ম- সা রে গা মা...

পথ চলছি... হাতটা ধরো-

'ঘর্ষণ' আর 'প্রতিক্রিয়া'!

আলোকবর্ষ? সে দূরে থাক,

আমার জগৎ- ছেলেবেলা...

আমার জন্ম, আমার মরণ

তোমার হাতের চিত্রলেখা...

শুধুই 'আমার' বলছি কেন?

কীট-পতঙ্গও বাদ কি যায়?

'সাম্যবাদ' শিখতে হলে

এমন গুরু পাবো কোথায়?

'রূপং দেহি' বলেছি অনেক

এবার অরূপ কোথায় বলো?

মায়ার খেলা দেখালে অনেক

এবার তবে মুক্ত করো...

শুকনো-ভাঙা ছন্দ আমার...

ভেঙে পড়ছে তাসের ঘর-

তোমার গানেই বাজি রাখছে

ব্যর্থ কবি তাই আবার!

কবির রাজ্যে ঢুকতে গেলে

গান গাওয়া তো জানতে হবে

বিজ্ঞানীমাত্রেই যে

কবির সত্তা লুকিয়ে আছে!

গানটা যখন করলেই শুরু

অন্ত্যমিলটাও লিখে দিও...

পথে যদি ক্লান্তি পড়ে ঝরে-

"প্রাণে তোমার পরশখানি দিও"...

◆CLASSICAL PHYSICS SECTION◆

◆ আকাশে রঙের খেলা ◆

- **By Amrita Saha**

1st Semester
Department of Physics
Bangabasi College

বিজ্ঞান হল বিশেষ জ্ঞান এবং ক্ষেত্র যদি পদার্থবিজ্ঞানের হয় তবে 'পর্যবেক্ষণ' সর্বাপেক্ষা গুরত্বপূর্ণ বিষয় হিসাবে স্বীকৃত।পর্যবেক্ষণ ব্যাতীত ব্যাখ্যা সম্ভব নয়।আর পর্যবেক্ষণের সর্ববৃহৎ ক্ষেত্র হল প্রকৃতি।প্রকৃতিতে ঘটমান বিভিন্ন ঘটনা পর্যবেক্ষণের অন্যতম আকর্ষণীয় স্থান হল আকাশ।আকাশে প্রাকৃতিকভাবে সৃষ্ট আলোকসজ্জা শতসহস্র মাইল দূরে থাকা পৃথিবীর ক্ষুদ্র জীবকে বিস্মিত করে বই কী!

আলোর বর্ণের বিভিন্নতার কারণ বর্ণণার আগে আলো বাস্তবে কী তাতে আলোকপাত করা যাক- ১৮৬৫ খ্রিষ্টাব্দে বিঞ্জানী ম্যাক্সওয়েল দ্বারা তাত্ত্বিকভাবে এবং পরবর্তীকালে আলোর ওপর তড়িৎক্ষেত্র ও চৌম্বকক্ষেত্রের প্রভাব হাতে কলমে প্রমাণিত হওয়ার পর আলোর তড়িৎচুম্বকীয় তত্ত্ব স্বীকৃত হয়।অর্থাৎ আলো একপ্রকার 'তড়িৎচুম্বকীয়তরঙ্গ'।এই তরঙ্গের ভিন্নভিন্ন তরঙ্গদৈর্ঘ্যই আমাদের চোখে বিভিন্ন রঙের অনুভূতি সৃষ্টি করে।তাই আকাশে রঙের খেলাকে তরঙ্গদৈর্ঘ্যের খেয়ালখুশি বললে ভুল হয়না।

- <u>প্রভাত ও প্রদোষ</u>:-

দিনের বেলায় মেঘমুক্ত আকাশ সাধারণত নীল দেখায়এবংসূর্যোদয়ওসূর্যাস্তের সময় আকাশ লাল দেখায়।এই বর্ণবিভিন্নতার কারণ হল 'বিক্ষেপণ'।বিক্ষেপণ কোনো তরঙ্গের তরঙ্গদৈর্ঘ্যের থেকে ছোটো ব্যাসের কণার সাথে ওই তরঙ্গের সংঘর্ষের ফলাফল।পৃথিবীর বায়ুমন্ডলে অবস্থিত ধূলিকণা, জল কণা এবং গ্যাসীয় কণাসমূহ সূর্য থেকে আগত আলোকতরঙ্গকে বিক্ষিপ্ত করে।।তাই সূর্য রশ্মি বায়ুমন্ডল ভেদ করে পৃথিবীতে আসলে আমাদের চোখে সবসময়ই বিক্ষিপ্ত আলোক রশ্মি এসে পৌঁছায়।সূর্যরশ্মির সাতটি দৃশ্যমান বর্ণের প্রতিটির তরঙ্গদৈর্ঘ্য আলাদা আলাদা হয়।ফলে প্রতিটি রশ্মির বিক্ষেপণ কোণ ও পৃথক পৃথক হ।

এবার দিনের এক একটি সময়ে আকাশের রঙ আলাদা আলাদা দেখার ক্ষেত্রে সূর্যের ও পর্যবেক্ষকের



অবস্থান গুরুত্বপূর্ণ।

চিত্র:১; মধ্যাহ্নে এবং সূর্যোদয় ও সূর্যাস্তের সময় সূর্যের অবস্থান

মধ্যাহ্নে সূর্যের পরিপ্রেক্ষিতে আমরা এমন একটি স্থানে অবস্থান করি যে বিক্ষিপ্ত নীল আলোটিই আমাদের দৃষ্টির অনুকূল হয়। এমন একটি কোণে নীল আলোটির বিক্ষেপণ ঘটে যে মধ্যাহ্নে সেটিই আমাদের চোখে এসে পৌঁছায়।

আবার সূর্যোদয় এবং সূর্যাস্তের সময় আমরা যে অবস্থানে থাকি সেখানে সূর্যের তির্যক রশ্মি এসে পৌঁছায়। ওই সময় লাল এবং কমলা আলোর বিক্ষেপণ কোণ এমন হয় যে ওই রশ্মিগুলিই বিক্ষিপ্ত হয়ে আমাদের চোখে এসে পৌঁছায়। বাকি রশ্মিসমূহের বিক্ষেপণ এমন একটি কোণে ঘটে যে সেই রশ্মিগুলি

আমাদের দৃষ্টিক্ষেত্রের বাইরে চলে যায়। তাই আমরা আকাশের রঙ লালচে কমলা দেখি(চিত্র:২)।

চিত্র:২; সূর্যাস্তের সময় আকাশের দৃশ্য; স্থান: মধ্যমগ্রাম

- <u>'রবির কিরণে হাসি'</u>:-দিনের আকাশে রঙের বৈচিত্র্যের সুন্দরতম দৃশ্য হল রামধনু। রবিরশ্মির সাতটি দৃশ্যমান আলোর তরঙ্গদৈর্ঘ্য পৃথক পৃথক ভাবে সজ্জিত হয়ে রামধনু গঠন করে।সাধারণত বৃষ্টি হওয়ার পর রামধনু গঠিত হয়। বৃষ্টির পর বাতাসে জলীয় বাষ্প ও জলকণার

পরিমাণ বৃদ্ধি পায়। এই জলকণাগুলি প্রাথমিকভাবে প্রিজমের মতো আচরণ করে। বায়বীয় পরিবেশ থেকে আলোকরশ্মি জলকণার ভিতরে প্রবেশ করার সময় আলোকশ্মির বিচ্ছুরণ ঘটে। বিচ্ছুরণের ফলে সূর্যরশ্মির সাতটি বর্ণ সরলরৈখিক পথ থেকে বিচ্যুত হয়। এদের তরঙ্গদৈর্ঘ্য পৃথক হওয়ার কারণে চ্যুতিকোণ ও পৃথক হয় এবং আলোকরশ্মি গুলি পরপর সজ্জিত হয়। এরপর জলকণা গুলি লেন্সের মতো আচরণ করে। নির্দিষ্ট কোণে বিচ্যুত আলোকরশ্মি



জলকণার অন্তর্গাত্রে যদি এমন কোণে আপতিত হয় যে প্রতিসরণের পরিবর্তে আলোকরশ্মির আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন ঘটে, তবে সেই রশ্মি নির্দিষ্ট কোণে প্রতিফলিত হয়। জলকণা থেকে পুনরায় বায়ুমন্ডলে ফিরে আসার আগে আবার আলোকরশ্মির প্রতিসরণ ঘটে এবং তরঙ্গদৈর্ঘ্য

অনুযায়ী বিভিন্ন রশ্মি পৃথক কোণে বিচ্যুত হয়। প্রথমে বিচ্ছুরণ তারপর আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন এবং শেষে প্রতিসরণ- এই তিনটি পর্যায়ে রামধনু গঠিতহয় (চিত্র:৩)।

চিত্র:৩ ; জলকণায়আলোকরশ্মিরপ্রবেশওরামধনুগঠনেরপর্যায়

চিত্র:৪ ; রামধনু ; স্থান: ব্যারাকপুর

এখানে আর একটি বিষয় হল জলকণার অন্তর্গাত্রে আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলনের পর যদি প্রতিফলিত রশ্মি আবার এমন একটি কোণে বিচ্যুত হয় যে পুনরায় আভ্যন্তরীণ পূর্ণ প্রতিফলন ঘটে তবে সেক্ষেত্রে

দ্বিতীয়ক্রমের রামধনু সৃষ্টিহয়। এক্ষেত্রে রশ্মিসমূহের সজ্জা প্রথম ক্রমের রামধনুর সম্পূর্ণ বিপরীতহয়।
চিত্র:৫ ; প্রথম ও দ্বিতীয় ক্রমের রামধনু
প্রথম ক্রমের রামধনুতে নীচ থেকে ওপর দিকে যথাক্রমে বেগুনি, নীল, আকাশি, সবুজ, হলুদ, কমলা এবং লালরঙ দেখা যায়। আর দ্বিতীয় ক্রমের রামধনুতে বিপরীতক্রমে এইবর্ণ গুলিই দৃশ্য মান হয়(চিত্র:৫)

- <u>আগুন-রামধনু</u>:-

এই বিশেষ ধরনের রামধনু সাধারণত গ্রীষ্মকালে দেখা যায়। এই রামধনুর নামে আগুন থাকলেও গঠনে আগুনের কোনো ভূমিকা নেই। এমনকী প্রত্যক্ষভাবে জলকণার-ও ভূমিকা নেই। এই বিশিষ্ট আলোকসজ্জা অনিয়মিত আকৃতির, তাই আগুনের শিখার সাথে একে তুলনা করা যায় (চিত্র:৬)।

চিত্র:৬; আগুনরামধনু

তবে এই রামধনু সৃষ্টি হয় কীভাবে?

মেঘ পরিবারের মধ্যে সিরাস এবং সিরোস্ট্র্যাটাস মেঘ সবচেয়ে হালকা প্রকৃতির হয়। এরা প্রায় ২০,০০০ ফুট ওপরে উঠতে পারে এবং প্রায় -২০° সেলসিয়াস থেকে -৩০° সেলসিয়াস উষ্ণতায় এরা স্থায়ী হয়। মেঘগুলি বরফ স্ফটিকের সমন্বয়ে গঠিত হয় এবং এই বরফস্ফটিকে সূর্যরশ্মির প্রতিসরণ এবং



প্রতিফলনের মাধ্যমে ‘আগুন-রামধনু’ সৃষ্টি হয়(চিত্র:৭)।

চিত্র:৭; বরফস্ফটিকেআলোরপ্রতিসরণ

- <u>বর্ণবলয়</u>:-আকাশে রামধনুর সুগঠিত দৃশ্য হল বর্ণবলয়। দৃশ্যটি সহজ-দৃষ্ট না হলেও খুব বিরলও নয়। গড় পরিসংখ্যান অনুযায়ী একটি বছরে প্রায় ১০০ দিন এই বর্ণবলয় দেখা যেতে পারে এবং



এর বৈশিষ্ট্য হল এটি সূর্য এবং চাঁদ উভয়ের ক্ষেত্রেই দেখা যায় (চিত্র:৮এবং৯)।

চিত্র:৮; চাঁদের বর্ণবলয়, বলয়ের পরিধিতে মঙ্গল চিত্র:৯; সূর্যের বর্ণবলয়, গ্রহ দৃশ্যমান

যে বর্ণবলয়টি সাধারণত দেখতে পাওয়া যায় সেটি হল ২২° বর্ণবলয়। এখন প্রশ্ন হল '২২°' –এর গুরুত্ব কী? স্তম্ভাকার ষটকোণ বরফস্ফটিকের মধ্যে দিয়ে আলোকরশ্মি প্রতিসরণের সময় যদি ২২° কোণে



বিচ্যুত হয় তবে যে নির্দিষ্ট ব্যাসার্ধের আলোকবৃত্ত দেখা যায় সেটি ২২° বর্ণবলয় নামে পরিচিত (চিত্র: ১০ এবং ১১)।

চিত্র: ১০; স্তম্ভাকার বরফস্ফটিকের মধ্যে দিয়ে চিত্র:১১; পর্যবেক্ষকের চোখে সূর্য ও বর্ণবলয়

‘আকাশআলেয়া’:-

পৃথিবী থেকে যে সমস্ত আলোর খেলা দৃশ্যমান তাদের মধ্যে সুন্দরতম এবং অদ্ভূত আলো হচ্ছে মেরুপ্রদেশে ‘মেরুজ্যোতি’ বা ‘আকাশআলেয়া’(মেরুজ্যোতির ক্ষেত্রে আকাশ আলেয়া উপমাটি ‘সুকুমাররচনাসমগ্র’ থেকে গৃহীত)। মেরুজ্যোতি সম্পর্কে সুকুমার রায় বলেছেন-‘আকাশআলেয়ার রঙ রামধনুর চাইতেও সুন্দর, কারণ সেটা সত্যিকারের আলোকশিখা; আলোকটা তার নিজেরই আলো-আর রামধনুর আলো সূর্যের আলোর ধারকরাছায়া মাত্র।

এবার দেখা যাক মেরুজ্যোতির উৎপত্তি কীভাবে হয়-মেরুজ্যোতির ইতিবৃত্ত সূর্য থেকেই শুরু হয়। সূর্য অত্যন্ত উষ্ণ গ্যাস এবং অণু-পরমাণু-আয়ন দ্বারা গঠিত। সূর্যের করোনা অঞ্চল থেকে এই গ্যাসীয় কণা, আয়নসমৃদ্ধ ‘সৌরবায়ু’ পৃথিবীর দিকে অগ্রসর হলে পৃথিবীর চৌম্বক ক্ষেত্র দ্বারা বাধাপ্রাপ্ত হয়। সৌর বায়ু গঠনকারী আয়ন-অণুসমূহের নিজস্ব চৌম্বকক্ষেত্রও পৃথিবীর ভূ-চৌম্বকক্ষেত্র ভিন্নভিন্ন অভিমুখে অবস্থান করে, ফলে সংঘর্ষের সৃষ্টি হয়।

এখন সৌরবায়ুতে অবস্থিত কণাসমূহ, অণু-পরমাণু ইত্যাদি একত্রে মহাকাশে একটি সংঘর্ষময়,কণাসমৃদ্ধ স্তর সৃষ্টি করে। এই স্তরটি পৃথিবীর বায়ুমন্ডলের অন্তর্গত কিন্তু মহাকাশে অবস্থিত-ম্যাগনেটোস্ফিয়ার স্তর।

সংঘর্ষের কারণে ওই স্তরের আয়ন-অণু-পরমাণুসমূহ উত্তেজিত হয়ে পড়ে। উত্তেজিত পরমাণুর কোনো ইলেক্ট্রন উচ্চতর শক্তিস্তর থেকে নিম্নতর শক্তিস্তরে গমন করলে শক্তির যে পার্থক্য হয় সেটি নির্দিষ্ট তরঙ্গদৈর্ঘ্যের আকারে ফোটনকণা রূপে নির্গত হয় এবং ওই তরঙ্গদৈর্ঘ্য সমূহই মেরুজ্যোতির আলোরূপে আমাদের চোখে ধরা দেয়।

উচ্চবায়ুমন্ডলীয় স্তরে যদি অক্সিজেন গ্যাসের পরমাণুর সংঘর্ষ বেশী হয় তাহলে লালবর্ণ সৃষ্টি হয় আর নিম্ন বায়ুমন্ডীয় স্তরে অক্সিজেন গ্যাসের সংঘর্ষ বেশী হলে সবুজ-হলুদবর্ণের সৃষ্টি হয়। মেরুজ্যোতির

নীচের দিকে যে লাল এবং নীল আলো দেখা যায় সেগুলি নাইট্রোজেন গ্যাসের পরমাণুর সংঘর্ষের কারণে সৃষ্টিহয়। তবে বেশীর ভাগ ক্ষেত্রে নীল এবং বেগুনি আলো হাইড্রোজেন ও হিলিয়াম গ্যাসের পরমাণুর সাথে আয়নের সংঘর্ষের কারণে সৃষ্টি হয় (চিত্র:১২)।

এবার দেখা যাক মেরুজ্যোতি কেন মেরুপ্রদেশেই সৃষ্টি হয়-

পৃথিবীর ভূ-চৌম্বকত্বের ধারণাটি বেশ জটিল। তবুও পৃথিবীর কেন্দ্র বরাবর একটি দ্বিমেরু দন্ডচুম্বক কল্পনা করে নেওয়া হলে ভূ-চৌম্বক ক্ষেত্রের বাস্তবিক আচরণের সাথে তত্ত্বের কিছু সাদৃশ্য পাওয়া যায়। এই কল্পিত দন্ডচুম্বক অনুযায়ী ভৌগলিক দক্ষিণমেরুর নিকটস্থ দন্ডচুম্বকের উত্তর মেরু থেকে চৌম্বকক্ষেত্র রেখা শুরু হয় এবং ভৌগলিক উত্তর মেরুর নিকটস্থ দন্ডচুম্বকের দক্ষিণমেরুতে এসে শেষ হয়। সূর্যের পৃষ্ঠের দিকে পৃথিবীর ভূ-চৌম্বকক্ষেত্রের ক্ষেত্ররেখা গুলি সৌরবায়ুকে বেশী বাধা দেয়। ভূ-চৌম্বকক্ষেত্র সৌরবায়ুতে উপস্থিত আয়নসমূহকে প্রভাবিতকরে। ফলে আয়নগুলি ওই চৌম্বকক্ষেত্র রেখা বরাবর নিজস্ব আধান অনুযায়ী চৌম্বকীয় উত্তর মেরু বা দক্ষিণমেরুর দিকে অগ্রসর হয়। এখন ভৌগলিক উত্তরমেরু ও দক্ষিণ মেরু যথাক্রমে ভূ-চৌম্বকীয় দক্ষিণমেরু ও উত্তরমেরুর নিকটস্থ হওয়ায়

মেরুপ্রদেশে সৌরবায়ুর আয়নসমূহের আধিক্য দেখা যায়। ওইস্থানে পৃথিবীর বায়ুমন্ডলীয় স্তরের উপস্থিতিতে চৌম্বকক্ষেত্রের সাথে সৌরবায়ুর কণাগুলির মিথস্ক্রিয়ায় ম্যাগনেটোস্ফিয়ার স্তর উৎপন্ন হয়। রাতে এই স্তরের বিস্তার বেশী হয় ফলে অধিক কণার মধ্যে সংঘর্ষ হয় ও মেরুজ্যোতির সৃষ্টি হয়



(চিত্র:১৩)।

চিত্র:১৩; পৃথিবীর ভূ-চৌম্বকক্ষেত্র রেখা এবং সৌরবায়ু পরস্পর মিথস্ক্রিয়া

উত্তরমেরু প্রদেশে মেরুজ্যোতি সুমেরুপ্রভা ও দক্ষিণমেরু প্রদেশে মেরুজ্যোতি কুমেরুপ্রভা নামে পরিচিত।

- <u>নীহারিকা</u>:-

নীহারিকা বা মহাজাগতিক মেঘ ‘ সাধারণত খালি চোখে দেখা যায়না। উচ্চক্ষমতা সম্পন্ন দূরবীন বা টেলিস্কোপের সাহায্যে এ গুলি দেখা যায়। এগুলি সাধারণত ধূলিকণা, হাইড্রোজেন গ্যাস এবং বিভিন্ন অণু-পরমাণু-আয়নদ্বারা গঠিত। এই নীহারিকা থেকেই নতুন তারার জন্ম হয় আবার পুরনো তারা এতেই চূর্ণ-বিচূর্ণ হয়ে বিলীন হয়ে যায়। নীহারিকা মূলত তিনপ্রকার-

১)দীপ্যমান নীহারিকা-এদের নিজস্ব আলো আছে। আশেপাশে অবস্থিত নক্ষত্র থেকে বিকিরিত আলোয় নীহারিকার হাইড্রোজেন গ্যাস উত্তপ্ত হয়ে ওঠে ফলে নীহারিকা থেকে এক ধরনের ক্ষীণ লালচে আলো বেরোয়। কালপুরুষ নক্ষত্রমন্ডলের 'গ্রেট-অরায়ন-নেবুলা' একটি দীপ্যমান নীহারিকা।

২) প্রতিফলন নীহারিকা- এদের নিজস্ব কোনো আলো নেই। এর মধ্যে যে ধূলিকণা গুলি আছে সেগুলির ওপর আশেপাশের নক্ষত্রের আলো এসে পড়লে ধূলিকণা গুলি উজ্জ্বল হয়ে ওঠে তখন এই নীহারিকা আমরা দেখতে পাই।

৩)অন্ধকারাচ্ছন্ন নীহারিকা- এদেরও নিজস্ব কোনো আলো নেই। এই নীহারিকা আলো শোষণ করে নেয় ফলে নিজে আলোকিত হতে পারেনা। এই নীহারিকার পিছন দিক থেকে আসা আলোকসমূহের কারণে এর উপস্থিতি বোঝা যায়।

যে সমস্ত নীহারিকা থেকে নতুন তারার জন্ম হয় তাদের 'প্ল্যানেটরি-নেবুলা' বলা হয়।

বছরের বিভিন্ন সময়ে রাতের আকাশে দূরবীন বা টেলিস্কোপের সাহায্যে চোখ রাখলে বর্ণময় নীহারিকা দেখা যায়।

চিত্র:১৪; পৃথিবী থেকে ৪১,০০০ আলোকবর্ষ দূরে অবস্থিত লেগুন-নেবুলা

পৃথিবীর বুকে বসবাসকারী মানুষের মধ্যে মহাবিশ্বের বিভিন্ন ঘটনায় বিস্ময় জাগিয়ে তোলার অনন্ত ভান্ডার হল প্রকৃতি। তাই ঘটনার পিছনে লুকিয়ে থাকা সত্য- সন্ধান প্রকৃতির পর্যবেক্ষণ দ্বারাই সম্ভব। প্রকৃতি-পর্যবেক্ষণ আর পদার্থবিদ্যার সহায়তায় 'বিস্ময়'-এর সত্যসন্ধানের প্রচেষ্টায় রয়েছিআমরা।

তথ্যসূত্র: অন্তর্জাল

চিত্রসূত্র: অন্তর্জাল এবং নিজস্বসংগ্রহ

◆RAINBOW APPEARS◆

◆ MIND IT – III ◆

বিশ্ব বিখ্যাত বিজ্ঞানী **সত্যেন্দ্রনাথ বসুর** বিষয়ে তার অন্যতম প্রিয় এবং বিখ্যাত ছাত্র বিজ্ঞানী **পার্থ ঘোষ** এর মতামত:- " ..... একদিন, সত্যেন্দ্রনাথের বাড়ি গিয়েছি | স্যার আমাকে বললেন, এক গোপন কথা শোনাবেন | কী? আমি উত্সুক | স্যার বন্ধ করলেন দরজা – জানলা | তারপর আমাকে ফিসফিস করে বললেন, ' আজ তোকে যা বলছি , তা আর কাউকে বলিস না |' কথা দিলাম, যে আমি কাউকে তা বলব না | কিন্তু কী ব্যাপার? স্যারের আবিষ্কৃত সংখ্যায়নে একটা সংখ্যা (4) এসেছিল | সেটা হবে 8 | কেন হবে তার ব্যাখ্যাও স্যার দিয়েছিলেন | ..... বসুর বিখ্যাত পেপারটি দেখার পর আইনস্টাইন তা পাল্টে দেন | স্যার আমাকে বললেন, ' বুড়ো ওটা কেটে দিলে |'পরে আলোককণার স্পিন পরীক্ষায় ধরা পড়ে | আমি স্যারকে বললাম, স্পিন ধরা পড়ার পর কেন আপনি আইনস্টাইনকে বললেন না যে, আপনিই ঠিক | তা হলে তো আলোককণার স্পিনের পূর্বাভাষ দেওয়ার জন্য আপনার কৃতিত্ব স্বীকৃত হত | স্যার উত্তরে বললেন, ' কে বার করেছে, তাতে কী যায় আসে রে ? বেরিয়েছে তো |'এই হলেন সত্যেন্দ্রনাথ !"



তথ্যসূত্র : "এষণা", আনন্দবাজার পত্রিকা , 18.12.2019, কলকাতা

Top to Bottom: S.N. Bose, Partha Ghosh.

◆CLASSICAL PHYSICS SECTION◆

◆ আগুনের শিখা◆

- **By Kiran Mondal**

1st Semester
Department of Physics
Bangabasi College

ছোটবেলা থেকেই আমাদের আনেকেরই মনেপ্রশ্ন জাগে আগুনের শিখা কী ? এছারাও আরও জানতে ইছে করে, তা সর্বদা ঊর্ধ্বমুখী কেন ? শিখা কখনও লাল, কখনও নীল, কখনও সবুজ দেখায়কেন ? শিখার গোড়ার দিক চওড়া আবার উপরের দিক ছুঁচলো কেন ? ইত্যাদি ইত্যাদি। এখানে আমরাআমাদের সাধারণ বোধ-বুদ্ধি দিয়ে সেগুলিই জানবার চেষ্টা করব।



চলো, আমরা Chemistry Lab -এ দেখা একটি গ্যাসবার্নার কল্পনা করি, যা মিথেন গ্যাস এর সাহায্যে জ্বলতে থাকে । যখন এই বার্নারে আগুনেরশিখা ধরানো হয় তখন গ্যাস জার থেকে আসা মিথেন (CH_4) বায়ুর অক্সিজেন (O_2) -এর সঙ্গে বিক্রিয়া করতে শুরু করে এবং কার্বন-ডাই-অক্সাইড (CO_2) ও জ্বলীয়বাষ্প (H_2O) উৎপন্ন করে।

[$CH_4 + 2O_2 \longrightarrow CO_2 + 2H_2O$ + শক্তি]

এর ফলেপ্রচুর পরিমানে শক্তি নির্গত হয়। এই শক্তি সাধারনত আলোক শক্তি ও তাপ শক্তি রূপে নির্গতহয়। এখন মিথেন ও অক্সিজেনের মধ্যে ঘটা এই বিক্রিয়ায় নির্গত শক্তি বেশি হয় বলে বেশিকম্পাঙ্ক বিশিষ্ট আলো ও তাপ নির্গত হয়। এক্ষেত্রে মনে রাখতে হবে, কম্পাঙ্ক বেশি হলেসেই আলোর শক্তি বেশি হয় এবং কম্পাঙ্ক কম হলে সেই আলোর শক্তি কম হয়।**'বেনীআসহকলা'**থেকে আমরা জানি, বেশি কম্পাঙ্ক বিশিষ্ট আলো বেগুনি ও তারপর নীল। কিন্তু বেগুনিরং আমাদের চোখে ধরে না। আর নীল রঙ আমাদের কাছে সুদৃশ্য। তাই গ্যাস বার্নারের শিখাররঙ নীল দেখায়।

আবার যদি গ্যাস বার্নারের জায়গায় একটি মোমবাতিকল্পনা করা হত, তাহলে মোমবাতির শিখায় ঘটা সে বিক্রিয়ায় কম তাপ ও কম শক্তি বিশিষ্ট তথাকম কম্পাঙ্ক বিশিষ্ট লাল আলো নির্গত হত।

এভাবেই কেরোসিন, ডিজেল, কাঠ, কয়লা ইত্যাদিভিন্ন ভিন্ন দাহ্য পদার্থে ভিন্ন ভিন্ন বিক্রিয়াজাত পদার্থ ও ভিন্ন পরিমাপের শক্তিনির্গত হয়। এবং এই নির্গত শক্তির পরিমাপের ওপর নির্ভর করেই বেশি বা কম কম্পাঙ্ক বিশিষ্টলাল, সবুজ বা নীল আলোর উৎপত্তি, এবং শিখা সেই রঙে রঙিন হয়ে ওঠে।

এখন বিক্রিয়ায়উৎপন্ন এই কার্বন-ডাই-অক্সাইড ও জলীয় বাষ্প বায়ুরতুলনায় ওজনে হালকা হওয়ায় উপরের দিকে উঠে যায়। ফলে আলোক শিখা সর্বদা ঊর্ধ্বমুখী হয়।



এবার আসা যাক এই প্রশ্নে যে শিখার গোড়ার দিক চওড়া কিন্তু উপরের দিক সরু কেন ? শিখায় ঘটা রাসায়নিক বিক্রিয়ায় আমরা দেখলাম, বিক্রিয়াজাত পদার্থ কার্বন-ডাই-অক্সাইডও জল, গ্যাস আকারে নির্গত হয়। এই দুই গ্যাস এর পৃষ্টটান অধিক, যার ফলে বিক্রিয়া ঘটারসময় এরা ছড়িয়ে ছিটিয়ে উৎপন্ন হলেও পৃষ্টটানের জন্য এই গ্যাসের কনা গুলি জোটবদ্ধ হয়েওপরে ওঠে। এই কারণেই খানিকটা শঙ্কুর মতো শিখার গোড়ার দিক চওড়া কিন্তু উপরের দিক সরু।

এখন ভেবে দেখলে বোঝা যায়, এই শঙ্কু আকৃতির শিখার ভেতরের কার্বন-ডাই-অক্সাইডও জলীয় বাষ্পে প্রাতিপূর্ণ অংশের আলোক প্রতিসরাঙ্ক (Reflection Index) শঙ্কুর বাইরেরবাতাসের আলোক প্রতিসরাঙ্ক আপেক্ষা বেশি। আমরা জানি, আলো যখন বেশি প্রতিসরাঙ্ক বিশিষ্টমাধ্যম থেকে কম প্রতিসরাঙ্ক বিশিষ্ট মাধ্যমে প্রবেশ করতে যায় তখন তাকে একটি নির্দিষ্টনূন্যতম কোণেই দুই মাধ্যমের বিভেদ তলের উপর আপতিত হতে হয়। এই কোণকে ওই দুই মাধ্যমেরসংকট কোণ(Critical Angle) বলে। বিভেদ তলে আপতিত আলোর কোনের মান এই সংকট কোণ বা সংকটকোণ আপেক্ষা বেশি হলে তবেই সেই আলো, শিখার কার্বন-ডাই-অক্সাইডও জলীয় বাষ্প যুক্ত ঘন স্তর পার করে বাইরে আসতে পারে। আর আপাতন কোণের মান সংকট কোনঅপেক্ষা কম হলে সেই আলো বার বার আলোর শিখার মধ্যেই প্রতিফলিত(Reflect) হতে থাকে। এইপ্রতিফলনের ঘটনাকেই অভ্যন্তরীন পূর্ণ প্রাতিফলন বলে। এর ফলেই শিখার এই ঘন পুরু জলীয়বাষ্প ও কার্বন-ডাই-অক্সাইড যুক্ত অংশ, লাল বা নীল অথবা সবুজ রঙে রঙিন হয়ে ওঠে।



এই হল আমাদের রোজকার দেখা অগ্নিশিখা সৃষ্টিরআসল কারণ।

দীপাবলীতে প্রদীপ জ্বালাতে গিয়েই হোক বা জন্মদিনেরমোমবাতি জ্বালাতে গিয়েই হোক আমরা কতবার না দেখেছি এই অগ্নিশিখা। ছোটবেলায় হয়তো অবাকহয়ে ভেবেওছি তাকে নিয়ে। কিন্তু আজ যখন বিজ্ঞান আমাদের হাতের মুঠোয়, বিজ্ঞানের সূত্রগুলি আমাদের মুখেমুখে ঘোরে তখন সেই ছোটবেলাকার কল্পনা গুলিই যেন আমাদের থেকে হাজারক্রোশ দূরে চলে গেছে। হারিয়ে গেছে

আমাদের মস্তিষ্ক থেকে। তাই আমাদের উচিৎ দুই একটাবিজ্ঞানের ফর্মূলা ভুলে গিয়ে হলেও সেই কল্পনা সক্তিকে ফিরিয়ে আনা, যা ছাড়া বিজ্ঞানচর্চা অসম্পূর্ণ।

◆RAINBOW APPEARS◆

◆CROSSWORDS – II◆



VERTICAL HINTS

v.A1: In a galvanometer, due to eddy currents, the coil attains its equilibrium position almost instantly. Since the oscillations of the coil die out instantaneously, the galvanometer is called _ galvanometer.

v.B1: The trapping of small pockets of liquid in a crystal during crystallization.

v.C1: _ density that means the number of devices (such as logic circuits) or integrated circuits per unit area of a silicon chip.

v.F1: The lens or system of lenses in an optical instrument that is nearest to the eye. It usually produces a magnified image of the previous image formed by the instrument

v.E3: _ shift, that means a small energy difference between two levels (2S1/2 and 2P1/2) in the hydrogen spectrum.

v.G1: A reduction in the pressure of a fluid and therefore of its density.

v.E7: An electrical or electronic device in which a variation in the current in one circuit controls the current in a second circuit.

v.I3: A dimension that enables two otherwise identical events that occur at the same point in space to be distinguished.

v.J3: Short form of the technology that describes the use of computers and telecommunications equipment (with their associated microelectronics) to send, receive, store and manipulate data. The data may be textual, numerical, audio or video, or any combination of these. See also Internet; World Wide Web.

v.H1: It is described as the pulling force transmitted axially by the means of a string, a cable, chain, or similar one-dimensional continuous object, or by each end of a rod, truss member, or similar three-dimensional object.

v.K1: A c.g.s. unit of kinematic viscosity equal to the ratio of the viscosity of a fluid in poises to its density in grams per cubic centimeter. It equals to 10-4 m2 s−1 and its symbol is St.

v.L1: An atom or group of atoms that has either lost one or more electrons or gained one or more electrons

v.N4: A light amplification usually used to produce monochromatic coherent radiation in the infrared, visible, and ultraviolet regions of the electromagnetic spectrum.

v.I8: Short form of a tracing or graph of the electrical activity of the brain. In this process, electrodes taped to the scalp record electrical waves from different parts of the brain.

v.J9: The unit of measure in the method of measuring angles by treating them as the angle formed by a sector of a circle at the circle's centre.

v.Q11: One of the universal logic gates.

v.I8: Short form of a tracing or graph of the electrical activity of the brain. In this process, electrodes taped to the scalp record electrical waves from different parts of the brain.

v.J9: The unit of measure in the method of measuring angles by treating them as the angle formed by a sector of a circle at the circle's centre.

v.Q11: One of the universal logic gates.

v.P5: The unit equals to 0.2388 calorie

v.C9: The study of sound and sound waves

v.D12: An electric current that reverses its direction with a constant frequency.

v.E12: A displacement of the lines in the spectra of certain galaxies towards the red end of the visible spectrum is called _shift.

v.F12: Symbol k. A prefix used in the metric system to denote 1000 times.

v.G14: The basic logic gate, that gives the output (A.B) if the inputs are A and B

v.B13: An electronic device with two electrodes

v.A15: _ detector that detects an object by the radiation that it emits

v.H11: A slight increase in the physical conditions of temperature or pressure can be easily observed

v.I13: A metal oxide formed by heating an ore in air.

v.K11: The planet that orbits the sun between the planets Venus and Mars at a mean distance from the sun of 149600000 km.

v.L13: The nearest point at which the human eye can focus an object is _ point

v.L6: _ is a reference to a web resource that specifies its location on a computer network and a mechanism for retrieving it.

v.M9: A graphical plot of the efficiency of electromagnetic radiation in producing a photochemical reaction against the wavelength of the radiation used is called _ spectrum.

v.O12: The mass of a _ dwarf is large enough to generate energy by gravitational pressure, but not large enough to sustain nuclear fusion.

v.P14: _ model is a quantum mechanical model describing the interaction between a two-level system and an electromagnetic field.

v.Q15: The temperature at which there is equilibrium between ice and water at standard atmospheric pressure (i.e. the freezing or melting point under standard conditions) is called _ point.

v.N1: The _ circuit (logic gate) inverts the input signal, giving a binary 1 output for a binary 0 input or a 0 output for a 1 input.

v.Q1: _ cycle is an idealized thermodynamic cycle that describes the functioning of a typical spark ignition piston engine. It is the thermodynamic cycle most commonly found in automobile engines

v.M15: _ is equivalent to a phase delay when signals are monochromatic

HORIZONTAL HINTS

h.A1: _ effect which can be described as the apparent change in the observed frequency of a wave as a result of relative motion between the source and the observer.

h.A3: force acts on unit mass.

h.F2: The former Imperial standard of length, which equals to 0.9144 meter

h.D7: _ function= the inverse of the cosine function

h.B9: A name of the symbol ∇, which means the differential vector operator $i\partial/\partial x + j\partial/\partial y + k\partial/\partial z$.

h.E6: A group of rays moving in an organized manner. It may consist of particles or of electromagnetic radiation.

h.K4: A famous German astrophysicist

h.K6: A dark patch in the sun's photosphere resulting from a localized fall in temperature to about 4000 K.

h.J7: a unit quantity of any radioactive nuclide in which 3.7×10^{10} disintegrations occur per second.

h.F8: A hypothetical medium once believed to be necessary to support the propagation of electromagnetic radiation. It is now regarded as unnecessary and in modern theory electromagnetic radiation can be propagated through empty space.

h.G9: The property of matter that causes it to resist any change in its motion.

h.J11: A nucleus consisting of a proton and a neutron bound together.

h.F8: A hypothetical medium once believed to be necessary to support the propagation of electromagnetic radiation. It is now regarded as unnecessary and in modern theory electromagnetic radiation can be propagated through empty space.

h.G9: The property of matter that causes it to resist any change in its motion.

h.J11: A nucleus consisting of a proton and a neutron bound together.

h.O7: A set of conducting paths – wires or optical fibres – connecting several components of a computer system and allowing the components to send signals to each other. The components take it in turns to transmit.

h.E11: Non-Abelian gauge theories are known as _–Mills theories.

h.B12: An elementary sub-atomic particle of matter

h.E14: Short form of the process of aggregation dominated by particles diffusing and having a nonzero probability of sticking together irreversibly when they touch.

h.A15: The ratio of the lateral strain to the longitudinal strain in a stretched rod is called _'s ratio.

h.A14: The ratio of the circumference of any circle to its diameter with value 3.141... Write the name in words

h.C17: A symmetry element in a crystal lattice that consists of a combination of a rotation and a translation.

h.H17: A one-dimensional object used in theories of elementary particles and in cosmology

h.I13: _ cycle, which is a theoretical ideal thermodynamic cycle

h.K14: Generalization of vectors and matrices. It is defined as the transformation law of its components

h.K15: A luminous ring that sometimes can be observed around the sun or the moon.

h.L16: One of the radiation units.

h.I10: _ year is the duration of time required for the Sun to orbit once around the center of the Milky Way Galaxy.

h.N2: _ cloud is a cloud of comets around the sun a long way beyond the orbit of Pluto, extending to about half the distance to the nearest star.

h.P1: An _ lamp produces light by the sparking of a high current between two conducting electrodes, usually carbon rods.

h.M17: _ is a lyophilic colloid that has coagulated to a rigid or jelly-like solid.

◆GATEWAY TO THE FUTURE◆

◆ নরক◆

- **By Niloy Ghosh**

Outgoing Student
Department of Physics
Bangabasi College



(নীলাকাশ ব্লগে পুর্ব প্রকাশিত।)

"এক, দুই, আড়াই, আর এই চেকমেট। দেখ হেরে গেলি তো?"

"পাগল ছেলে! তুই যেটা দিলি ওটাকে আড়াই নয় সাড়ে তিন বলে।"

কথাটা বলে আবির তো হাসলোই ,তার সাথে পাশে যারা ছিল তারাও হো হো করে হেসে উঠল। আজ রবিবার, এখানে এই দিন জমিয়ে দাবা খেলা হয়। খুব কম লোকই আছে, যারা আবিরকে কিস্তিমাত করতে পারে, আর তাদের মধ্যে একজন হল আয়ুষ। সে এখনো এসে পৌছাইনি, তাই আবির পটলাকে খেলা শেখাচ্ছিল। তা অবশ্য নিছকই আনন্দের জন্য। আবির

জানে পটলা খেলা শিখতে পারবেনা বা শেখার তেমন কোনো ইচ্ছাও নেই। এইভাবে কিছুক্ষন হাস্যরসিকতা চলার পর আয়ুষ মহাশয় এলেন। একেবারে ছাড়া গরুর মতো হন্তদন্ত হয়ে এসে পটলাকে এমন ভাবে সরিয়ে নিজে বসে পড়ল যেন ওখানে কেউ ছিলই না কোনোদিন।

"আরে বাবা অতবার ফোন করার কি আছে? এতটা আসতে সময় লাগে তো, নাকি?" আবিরকে বলল আয়ুষ।

"ফোন? তোকে কেন ফোন করতে যাব?" উত্তর দিল আবির।

"তোর কলেই তো আমার ঘুম ভাঙল।এই দেখ ছটা মিসড কল...," বলে ফোনটা পকেট থেকে বের করে দেখাল আয়ুষ।

"যাইহোক... ওসব বাদ দে। একটা ইন্টারেস্টিং নিউজ আছে, বুঝলি?" আবার বলল আয়ুষ।

"কি নিউজ?" দাবার ঘুটি সাজাতে সাজাতে জিজ্ঞাসা করল আবির।

"নেক্সট VLOG এর জন্য জায়গা ঠিক করে ফেলেছি" আয়ুষের উত্তর। এখানে বলে রাখা ভালো, আয়ুষ রিসেন্টলি ইউটিউবে Vlogging শুরু করেছে। কালচারটা দেশের অন্যত্র ছড়িয়ে পড়লেও, বাংলাতে এখনো অব্ধি ঠিকঠাক আসেনি। আয়ুষ বিভিন্ন জায়গায় ঘুরেঘুরে ভিডিও বানায়, মাঝে মাঝে সেলফি স্টিকের মাথায় ক্যামেরা লাগিয়ে নিজেনিজেই কি সব বকে, আর তা আপলোড করে। আর তার সাথে এইসব ব্যাপারে আবিরকেই যেতে হয়। না গিয়ে উপায়ও নেই, বেস্ট ফ্রেন্ড বলে কথা!

"তা এবার কোথায় যেতে হবে শুনি?!" প্রশ্ন করল আবির।

"আটলান্টিস। যাবি নাকি?

"হ্যাঁ সেই ভালো, এখন নাকি সাবমেরিনে ৫০% অফও দিচ্ছে, ঘুরে আসাই ভাল।"

"হেঃ হেঃ! এটা হল জল ছাড়া আটলান্টিস। কাল রাতে নতুন জায়গা নিয়ে কথা বলছিলাম বিমুদার সাথে, তখনই সাজেস্ট করল। VLOG এর জন্য এক্কেবারে পারফেক্ট জায়গা, লোকজনও খুব কম যায়, যে কয়েকজন যায় তাও আবার পিকনিক সিজনে।

"সে ঠিক আছে, কিন্তু জায়গাটা কোথায়? আর তার সাথে আটলান্টিসের সম্পর্ক কি?"বলল আবির।

"হুম, সম্পর্ক তো একরকম আছেই... আটলান্টিস যেমন সমুদ্রে মিলিয়ে গিয়েছিল, এও তেমনি মিলিয়ে গিয়েছিল। তবে তা সমুদ্রে নয়, হাওয়ায়। বিমুদা আগের বছর পিকনিকে গিয়েছিল। যে ভিডিওগুলো সেন্ড করেছিল, তা দেখে মনে হল, হিস্টোরিক প্লেস। সিনেম্যাটিক শটস গুলো দারুন হবে।" আয়ুষ বলল।

"আর হাওয়ায় মিলে গিয়েছিল গল্পটা কি ভাই?" আবার প্রশ্ন আবিরের।

"জায়গাটার নাম নক্ষত্রগড়, আশেপাশের লোকজন বলে মহামারি লাগার পর নাকি সব মানুষজন এলাকা ছেড়ে যায়, আর তারপর থেকেই ওভাবে পড়ে আছে..." বলল আয়ুষ।

"নক্ষত্রগড় ?সেটা আবার কোথায়?"

“এখান থেকে ট্রেনে আটঘন্টা লাগবে।”
এইসব কথাবার্তা আয়ুষ আর আবিরের মধ্যে চলতে থাকে, আর তার সাথে সাথে খেলাও। পরের দিন বেরোনোর জন্য সব প্ল্যানিং করে নেয় তারা।
সকাল ছটা। ব্যাগ গুছিয়ে ক্যামেরা, ট্রাইপড, ড্রোন নিয়ে রেডি আয়ুষ। স্টেশনে এসেছে দশমিনিট হলো। কিছু সময় পর আবিরও এসে গেল। “তুই প্রতিবার লেট করিস...,” খানিকটা বিরক্ত হয়েই বলল আয়ুষ।
“রাস্তায় বীভৎস জ্যাম ভাই !”
“আচ্ছা ঠিক আছে বুঝেছি, এবার চল !”
সামনে কিছুটা এগিয়ে গিয়ে একটা চায়ের স্টলে বসল দুজন। সেখান থেকে দুধ চা আর পরোটা খেয়ে নিল। সাতটায় ট্রেন আসবে। কোনো লোকাল ট্রেন চলেনা বলেই বোধহয় স্টেশন ফাঁকা আছে। জানলার ধারের সিট পেয়ে গেল তারা, দুজনই খুশি। প্রায় আট ঘন্টার জার্নি। কিন্তু সমস্যা হল এত সময় কাটাবে কি করে? একে অপরের মুখ চাওয়াচায়ি করে শেষে ফোন বের করে পাবজি খেলা শুরু করে ।
ট্রেন এসে থামল গন্তব্য স্টেশনে।

“তাড়াতাড়ি যেতে হবে ভাই! আলো থাকতে থাকতে কিছু ভালো শট নিতে হবে।” বলল আয়ুষ। স্টেশন থেকে বেরিয়ে একটা অটোরিক্সা নিয়ে মোটামুটি তিরিশ মিনিট পরে তারা নামল।
“শেষমেষ উই আর ইন নক্ষত্রগড় ব্রো!” ভাড়া মিটিয়ে উচ্ছসিত হয়ে আবির বলল। পুরোপুরি গ্রাম্য জায়গা, ঘরবাড়ির সংখ্যাও খুব কম। বিমুদার কথা মতো এই ইঁটের রাস্তা ধরে মিনিট দশেক হাটলেই তারা পৌছে যাবে সঠিক স্থানে। এর মধ্যে আয়ুষ ভিডিও করা শুরু করে দিয়েছে। কিছুখন পর সন্ধ্যে হয়ে যাবে, গাছপালার সংখ্যা এখানে যেন একটু বেশি। মাঝে মাঝে উচুঁ উচুঁ ঢিবি, আবার পাথুরে জমিও দেখা যাচ্ছে। আরেকটু ভিতরে গেলে দেখা যায় কয়েকটা পরিত্যাক্ত বাড়ি, কোনোটাকে বটগাছ গ্রাস করেছে তো কোনোটা ভেঙ্গে পড়ছে। “কতদিন ধরে এরকম খালি পড়ে আছে বলত?” আয়ুষকে প্রশ্ন করল আবির।
“অনেক দিন !নেহাত পাথর দিয়ে তৈরি, তাই টিকে আছে এখনো, নাহলে জঙ্গল ছাড়া হয়ত কিছু থাকতনা।”উত্তর দিলো আয়ুষ। ঘরগুলোতে মাঝে মাঝে তারা ঢুকে দেখছিল, তারপর বেশ কিছুটা এগোনোর পর, তুলনামূলক বড়ো একটা ঢিবির মতো বস্তু দেখা গেল একটু দূরে। কাছে যাওয়ায় বোঝা গেল এটাও ঘর, কিন্তু উপরে মাটি জমে গাছপালা জন্মিয়েছে। ঘরের দরজাটা একটু উপরে, সিঁড়ি দিয়ে উঠতে হবে। তারা সন্তর্পনে উপরে উঠল। পাথরগুলো খুবই পিচ্ছিল। ভিতরটা অন্ধকার, আশ্চর্যের বিষয় ভিতরে কোনো জানালা নেই। দরজা দিয়ে যেটুকু আলো আসছিল তা খুবই অল্প, সন্ধ্যা হয়ে আসছে।
“সাপ বা পোকামাকড় থাকতে পারে, ফোনের ফ্ল্যাশটা জ্বালা।“ আয়ুষ কে বলল আবির।
আয়ুশ ফ্ল্যাশটা জ্বালালে ঘরের ভিতরটা একটু ভাল করে দেখা গেল। সারা দেওয়ালে খোদাই করে বিভিন্ন নকশা করা, যা আগের ঘরগুলোতে ছিল না। একটি দেওয়ালে আবার বড় করে সুর্য্যাকৃতি চাকার

